th Kolkata International Children's Film Festival

DEPARTMENT OF INFORMATIO
AND CULTURAL AFFAIRS,
GOVERNMENT OF WEST BENGA

# BIG SCREEN FUN FOR THE YOUNG ONES!








পঞ্চম কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসব

২২-২৯ ডিসেম্বর, ২০১৫

পঞ্চম কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসব উপলক্ষ্যে প্রকাশিত

# দুটি আকর্ষণীয় বই




কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসব উপলক্ষ্যে প্রতি বছরের মতো এ বছরও শিশু কিশোর আকাদেমি থেকে প্রকাশিত হল দুটি প্রামাণ্য স্মারকগ্রন্থ। কিংবদন্তি অভিনেতা, লেখক ও কৌতুকশিল্পী বাস্টার কিটনকে নিয়ে প্রকাশিত হয়েছে 'বাস্টার কিটন চোখ দিয়ে যায় চেনা'। কিটন মূলত নির্বাক যুগের শিল্পী এবং 'ডেড প্যান হিউমার'-এর জন্য বিখ্যাত। পারিবারিক কারণে ছোটোবেলা থেকেই মঞ্চের প্রতি তাঁর ভালোবাসা জন্মায়। বিভিন্ন সাক্ষাৎকারে তিনি বলেছেন, বাবা তাঁকে স্টেজ থেকে বারবার ছুড়ে ফেলে দিতেন এবং তিনি বিড়ালের মতো মেঝেতে গিয়ে পড়তেন। এই বিপজ্জনক অভ্যেসই পরবর্তীকালে তাঁকে বিশ্বের অন্যতম সেরা স্টান্টম্যান হতে সাহায্য করে। এই স্মারকগ্রন্থে দেশ-বিদেশের বিভিন্ন লেখকের কিটন সম্পর্কে লেখা ও মন্তব্যের অনুবাদ সংকলিত হয়েছে। বইটির দাম ৩০০ টাকা।




কমেডির দুই সম্রাট লরেল এবং হার্ডি। পঞ্চম কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসব উপলক্ষ্যে তাঁদের বিস্মৃতপ্রায় ছবিগুলো দেখানোর পাশাপাশি প্রকাশিত হয়েছে দুর্দান্ত এক স্মারকগ্রন্থ 'কমেডির সেরা জুটি—লরেল এবং হার্ডি'। এর আগে লরেল এবং হার্ডিকে নিয়ে বাংলা ভাষায় এমন পূর্ণাঙ্গ বই খুব কমই প্রকাশিত হয়েছে। ছোটোদের কাছে এই দুই কমেডিয়ানকে জানার এ এক দারুণ সুযোগ। সংকলনটিতে লিখেছেন সিনেমা বিষয়ে এই সময়ের বিশেষজ্ঞরা। এই দুর্লভ সংকলনটি ছোটোবড়ো সকলেরই সংগ্রহে রাখার মতো। লরেল-হার্ডির বহু ছবি হারিয়ে গেছে, বহু ছবির অবস্থা খুবই শোচনীয়। আমাদের এই উদ্যোগ ছোটোদের খুবই অনুপ্রাণিত করবে। বইটির দাম ৩০০ টাকা।

KICFF 2015

# 5th Kolkata International Children's Film Festival

22 -29 December 2015



পঞ্চম কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসব



A Kolkata International Children's Film Festival Publication
December 22, 2015

*Published on the occasion of :*
5th Kolkata International Children's Film Festival
By Isha Mukerji, Secretary, Shishu Kishore Akademi
& Convenor, 5th Kolkata International Children's Film Festival
Rabindra Sadan (2nd Floor)
Geresim Lebedef Sarani, Kolkata 700071
Tel: 0332223-6210/11/58
Fax: 0332223-6258
Email: askcukolkata@gmail.com
Website: www.kicff.in

***Printed by***
The Saraswati Printing Works
2 Guruprosad Chowdhury Lane
Kolkata 700 006

सत्यमेव जयते

মুখ্যমন্ত্রী
পশ্চিমবঙ্গ
Chief Minister
West Bengal



## শুভেচ্ছাবার্তা

কলকাতা আন্তর্জাতিক শিশু-কিশোর চলচ্চিত্র উৎসব শহরের জনপ্রিয় বার্ষিক অনুষ্ঠানগুলির অন্যতম। কচিকাঁচারা অত্যন্ত আগ্রহের সঙ্গে এই উৎসবের প্রতীক্ষা করে এবং বিশেষ আনন্দ ও উদ্দীপনা নিয়ে প্রদর্শিত ছবিগুলি দেখতে যায়।

আগামী ২২ ডিসেম্বর, ২০১৫ থেকে এই উৎসবের পঞ্চম সংস্করণ কলকাতার বুকে আয়োজন করতে চলেছে পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগের শিশু-কিশোর আকাদেমি। দেশ-বিদেশের বিভিন্ন চলচ্চিত্র সপ্তাহব্যাপী এই উৎসবে দেখানো হবে। আমি নিশ্চিত অন্যান্য বারের মতো এবারও ছোটোদের মধ্যে এই চলচ্চিত্র উৎসব খুব ইতিবাচক সাড়া ফেলবে।

এই উৎসবের সর্বাঙ্গীণ সাফল্য কামনা করি। সাথে সাথে আমার সকল ছোটো বন্ধুদের জানাই আমার ভালোবাসা ও শুভেচ্ছা।

(মমতা ব্যানার্জ্জী)

# 5th Kolkata International Children's Film Festival

22-29 December 2015

सत्यमेव जयते



**Dr. Amit Mitra**
*Minister-in-Charge*
Finance, Excise, Commerce & Industries,
Public Enterprises, Industrial Reconstruction and
Information Technology & Electronics Departments
GOVERNMENT OF WEST BENGAL

## MESSAGE

After completion of four successful years now Kolkata International Children Film Festival is stepping towards the 5th year. Meanwhile this festival perceived by Shishu Kishore Akademi, Information and Cultural Affairs Department, Government of West Bengal has gathered huge momentum.

Children will get the opportunity to explore 176 contemporary and classical films from 20 countries. Classical collection contains gems like Buster Keaton, Laurel Hardy and many more. There are Oscar Winning legendary films also.

Also, the Akademi will organize workshops for children and showcase productions by children.

This grand festival will refresh the minds of children and connect them to new vistas. It will open new frontiers in the world of imagination for the children as well.

My warm good wishes to the participants and to the organizers of this rather unique festival being held in Kolkata.

Dr. Amit Mitra

# 5th Kolkata International Children's Film Festival

22-29 December 2015



**Sri Aroop Biswas**
*Minister-in-Charge*
Youth Services and Housing
Government of West Bengal

## শুভেচ্ছাবার্তা

চলচ্চিত্রের ম্যাজিকে আট থেকে আশি সকলেই মোহগ্রস্ত। শিশু-কিশোরদের জন্য সারা পৃথিবীর নজরকাড়া ছবির পশরা থেকে চমৎকার উপহার আর কী হতে পারে। পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগের অন্তর্গত শিশু কিশোর আকাদেমির আশু উদ্যোগ এবং মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়ের ঐকান্তিক প্রচেষ্টা ছাড়া এত বড়ো কর্মযজ্ঞ আয়োজন করা সত্যিই সম্ভব হত না। পঞ্চম কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসবের অভিজ্ঞতা শিশুদের স্মৃতিতে অম্লান রয়ে যাবে। বাস্টার কিটন, লরেল-হার্ডি, চার্লি চ্যাপলিন—বিশ্বের সিনেমার এই চার মণিমাণিক্যকে দেখার সুযোগ কেউ হাতছাড়া কোরো না যেন। সকলকে অজস্র অভিনন্দন।

অরূপ বিশ্বাস

## MESSAGE

The magic of cinema has hypnotized eight to eighty all. Nothing can be more a dynamic gift for children than a handful of cinema from the corners of the world. Without the effort of Shishu Kishore Akademi, Information and Cultural Affairs Department of West Bengal Government and the endeavor of our Chief Minister Mamata Banerjee it was impossible to arrange such a festival for children.

The experience of fifth International Children Film Festival will remain forever after in the memory of children. Don't miss the golden opportunity to discover four Kino masters Buster Keaton, Laurel Hardy and Charlie Chaplin in Giant Screen. Love and best wishes to all.

Aroop Biswas

# 5th Kolkata International Children's Film Festival

22-29 December 2015



**Dr. Shashi Panja**
Minister of State (Independent Charge),
Department of Child Development,
Department of Women Development Branch and Social Welfare
Government of West Bengal

শুভেচ্ছাবার্তা

ডিসেম্বরের শেষ সপ্তাহে, শীতের মিঠে রোদ গায়ে মেখে ছোটো শিশুরা নন্দন প্রাঙ্গণে জমা হবে, আর সান্তার ঝুলির উপহারের মতো মজাদার ঝকঝকে হরেকরকম ছবি দেখতে পাবে—এটাই তো আমরা চাই। প্রতি বছরের মতো এবারও দেড়শোরও বেশি ছবি নিয়ে হাজির হয়েছি আমরা। ভারত থেকে শুরু করে ইরান, তাইওয়ান, কোরিয়া-সহ আরও বিভিন্ন দেশের মজার মজার ছবির সমাহার নিয়ে ২২-২৯শে ডিসেম্বর, ২০১৫ আট দিনের সিনেমা উৎসবের আয়োজন করা হয়েছে। ছোটো ছোটো শিশু ও কিশোর মা-বাবার হাত ধরে এসে ছবি দেখে আনন্দ পাবে—এটাই আমাদের ইচ্ছে। শুধু আনন্দই নয়, শিক্ষামূলক কিছু সিনেমা ও ডকুমেন্টারিও প্রদর্শন করা হবে, শিশুদের মানসিক ও পাঠক্রমগত বিকাশের কথা ভেবে। আশা করা যায়, আমাদের এই উদ্যোগ সামগ্রিকভাবে সাফল্য পাবে। আন্তরিক শুভেচ্ছা ও ভালোবাসা রইল।

শশী পাঁজা

ডাঃ শশী পাঁজা

5th Kolkata International Children's Film Festival

22-29 December 2015

सत्यमेव जयते



**Principal Secretary**
Department of I&CA
Government of West Bengal
Chairperson, KICFF

## শুভেচ্ছাবার্তা

শিল্পের প্রতিটি মাধ্যমই আপন আপন শক্তির প্রাচুর্যে পরিপূর্ণ। শিশুমনে তাদের প্রভাব অনস্বীকার্য। শিশুমনের পরিপূর্ণ বিকাশের পথে ছবি আঁকা, গান, নাটক এক-একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ মাইলফলক। তবে এদের সবকিছুকে ছাপিয়ে সিনেমা শিশুর অন্তঃপুরীতে স্থায়ী ছাপ রেখে যায়। শিশুরা কল্পনার ক্যানভাসে রং-তুলি বোলাতে শেখে, শেখে সত্যের আতশকাচে, যুক্তির নিক্তিতে, ক্যামেরার ভাষায় অব্যক্তকে বাঙ্ময় করে তুলতে। শিশুর বেড়ে ওঠার পথে শিশু কিশোর আকাদেমি চিরসাথি। গত চার বছর শিশু-কিশোরদের আমরা উপহার দিয়ে এসেছি দেশ-বিদেশের নানা কিংবদন্তি ছবি। উচ্ছ্বাস আর অনাবিল আনন্দে ভরে উঠেছিল তাদের শীতের ছুটির দিন সাতেক। এবারও তাদের সামনে আমরা সান্তাক্লজের মতো এক ঝোলা ছবি নিয়ে হাজির । তারা যেমন ক্লাসিক ছবিগুলো চেখে দেখার সুযোগ পাবে, তেমনই পাবে হাতে গরম নতুন ছবি। আশা করি উৎসব প্রাঙ্গণ শিশুদের কলতানে মুখরিত হয়ে থাকবে। উৎসবের আয়োজনে যারা সাহায্য করেছেন, তাঁদের সকলকে অসংখ্য ধন্যবাদ। আশা করি ভবিষ্যতে তাঁদের হাত ধরে আমরা আরও বড়ো ছবির উৎসব উপহার দিতে পারব।

অত্রি ভট্টাচার্য্য

# 5th Kolkata International Children's Film Festival

22-29 December 2015



**Director**
5th Kolkata International
Children's Film Festival

## শুভেচ্ছাবার্তা

চারটি বর্ণময় উৎসব পার করে কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসব এখন সাবালক। আমরা গর্বের সঙ্গে বলতে পারি, শিশুদের হৃদয়ের অন্তঃপুরে সিনেমার মতো শক্তিশালী মাধ্যমটির নির্যাস আমাদের সরকার পৌঁছে দিতে পেরেছে। এখন আমাদের তাগিদ নিজেদের ছাপিয়ে যাওয়ার, যাতে শিশুদের মুখে আলো ঝলমল করে ওঠে। আকাদেমির প্রতিটি সদস্য তাই দিনরাত পরিশ্রম করে লক্ষ্যে অবিচল।

সারা পৃথিবীতেই শিল্পমাধ্যমগুলির সঙ্গে যুক্ত জহুরিরা শিশুদের একটু কম গুরুত্ব দেন। শিশুদের জন্য ছবিও হয় হাতেগোনা। সব বিদেশি ছবির খবরও এসে পৌঁছোয় না বাবা-মায়েদের কাছে। পঞ্চম কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসব তাই শুধু শিশু নয়, বাবা-মায়ের জন্যেও এক চমকপ্রদ উপহার। তাঁরা পরশপাথরের খোঁজ পাবেন—এ কথা নিশ্চিতভাবে বলা যায়। দেশ-বিদেশের ১৭৬টি ছবি তুলে এনেছে আকাদেমি। তার মধ্যে যেমন রয়েছেন বিস্মৃতপ্রায় বাস্টার কিটন, তেমনই আছে লরেল-হার্ডির নস্টালজিয়া। আবার তেমনই পাল্লা দিয়ে ভিড় করেছে একঝাঁক নতুন ছবি। আমার আপশোশ, আমাদের ছোটোবেলায় এমন নজিরবিহীন উৎসব আমি দেখিনি। একই সঙ্গে আনন্দিত এবং গর্বিত বোধ করি ভাবী প্রজন্মকে এমন একটা উপহার দিতে পেরে। বড়োদিন এবং নতুন বছর বর্ণময় হোক। অনেক শুভকামনা।

অর্পিতা ঘোষ

## Message

After four colorful festivals, the Kolkata International Children's Film Festival has grown up. We can now proudly say, that we have been able to convey the powerful essence of cinema to the young hearts. Now we strive to scale previous heights, so that we see children with the brightest smiles as our rewards. All the members of the Akademi are dedicated to this one and only goal. Throughout the world, we see that jewelers of all arts give little importance to the little ones. And perhaps that is why only a handful of films are made for children. As for International Films, we often do not even hear about them. The 5th Kolkata Children's Film Festival is hence also a gift for the parents. We can certainly say, they'll find gems after their own hearts. From various countries, the Akademi has handpicked 176 films. This plethora includes the forgotten legends like Buster Keaton and nostalgia like Laurel and Hardy. Also awaits a crowd of brand new films.

My only sorrow, is that, in my childhood I never experienced such a Festival. At the same time, I feel delighted and proud to gift such a festival to the Gen-Y kids. Merry Christmas and a happy New Year. Best Wishes.

Arpita Ghosh

5th Kolkata International

# Children's Film Festival

22-29 December 2015



**Isha Mukerji**
Secretary, Sishu Kishore Akademi
Convenor, 5th Kolkata International
Children's Film Festival

## শুভেচ্ছাবার্তা

গত এক শতাব্দীর বেশি সময় সিনেমা-জ্বরে আক্রান্ত আমাদের সভ্যতা। নামীদামি পরিচালকরা কালজয়ী সিনেমা নির্মাণ করে সাড়া ফেলেছেন সারা বিশ্বে। এঁদের মধ্যে গুটিকতক মানুষই কেবল ভেবেছিলেন শিশুর সবুজ মনটা নিয়ে। আজীবন তাদের নির্মল আনন্দ দিতেই ছবি বানিয়ে গেছেন। আমরা সেইসব জহুরিকে খুঁজে বার করেছি। নতুন ধারণা, নতুন প্রযুক্তিকে নতুন প্রজন্মের কাছে পৌঁছে দেওয়াই আমাদের লক্ষ্য। গত চার বছরের সাফল্য এবং ঐতিহ্যের কথা মাথায় রেখে পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগের অন্তর্গত শিশু কিশোর আকাদেমি পঞ্চম কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসবের অনুষ্ঠানক্রম সাজিয়েছে। চার্লি চ্যাপলিন, বাস্টার কিটন, লরেল-হার্ডির মতো কিংবদন্তিরা সেই তালিকাকে বর্ণময় করে তুলছেন। শিশুদের ছুটির দিনগুলো হাসি-মজায় ভরে উঠবে আশা রাখি। মুখ্যমন্ত্রী মাননীয়া শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছে আমরা কৃতজ্ঞ। তাঁর সাহায্য ছাড়া এই বিপুল কর্মোদ্যোগ নিষ্পন্ন করা সম্ভব হত না। সভাপতি মাননীয়া শ্রীমতী অর্পিতা ঘোষ আমাদের অহরহ উদ্বুদ্ধ করেছেন, অনুপ্রেরণা দিয়েছেন এমন একটি মহৎ প্রকল্প আয়োজন করার জন্য। সবশেষে কৃতজ্ঞতা জানাব আকাদেমির কমিটির সদস্যদের, আমাদের বিভাগের সমস্ত কর্মীদের, বিভিন্ন দেশের দূতাবাস এবং নানা প্রতিষ্ঠানকে যারা আমাদের সাহায্য করেছেন এবং সর্বোপরি আমাদের বিভাগের প্রধান সচিব শ্রী অত্রি ভট্টাচার্যকে। এঁদের সাহায্যে আমাদের প্রচেষ্টা সফল হয়েছে।

ছোটোদের শীতের ছুটি মিঠে রোদ্দুর আর রঙিন সিনেমার উষ্ণতায় ভরে উঠুক।

ঈশা মুখার্জী

ঈশা মুখার্জী

## Message

From last century, our civilisation has been cinemaniac. Legendary filmmakers left their permanent imprint on the minds of all. But only few of them have thought about the green soul of the little children, and have made films for the sake of Children. We have collected the jewels from thousand such films. Our aim is to provide new concept and technology to the new generation. Shishu Kishore Akademi, Department of Information and Cultural Affairs, West Bengal has planned the schedule of 5th Kolkata International Children's Film Festival, keeping in the mind the legacy of last four years. We have collected the rare films of Buster Keaton, Charlie Chaplin and Laurel-Hardy. We hope the festive season will become cheerfulfor the children. We are grateful to our Chief Minister Smt. Mamata Banerjee. Without her enterprise it was impossible to execute such a vibrantevent. Smt. Arpita Ghosh, our President, has inspired us constantly to organise such a noble project. I must also convey my gratitude to the Department, our committee members, staff, the embassies and consulates of different countries, institutes and agencies and above all Mr. Atri Bhattacharya, the Principal Secretary of the Department for the support provided to make this endeavour a success. May the winter holidays come alive with the warmth of sun and cinema.

Isha Mukerji


5th
Kolkata
International
Children's
Film Festival
22-29 December 2015

## সম্পাদকীয়

আজ থেকে প্রায় একশো বিশ বছর আগে যখন সিনেমা প্রথম তৈরি হয়েছিল তখন আমরা কেউ ভাবতেই পারিনি এই মাধ্যমটির সুদূরপ্রসারী বিস্তার হবে। আজকাল প্রতিবছর আমাদের ভারতবর্ষেই তৈরি হয় একহাজারের ওপর ছবি। ২০১৩ সালে দেখা গিয়েছিল বিশ্বের মধ্যে সবচেয়ে বেশি সংখ্যক ছবি প্রযোজিত হয় ভারতবর্ষে। দুঃখের বিষয় এই যে, এত ছবির মধ্যে খুব কম ছবিই তৈরি হয় ছোটোদের জন্য। একদিকে এটা যেমন সত্যি, তেমনি পৃথিবীর বাকি দেশগুলোতে প্রতিবছর ছোটোদের জন্য তৈরি হচ্ছে নানা ধাঁচের নানাস্বাদের ছবি।

এবছর কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসব পঞ্চম বছরে পদার্পণ করল। প্রতিবছরের মতই এবছরও এই উৎসবে আমরা তুলে ধরব ২০টি দেশের ১৭৬ টি ছবি। এই উৎসবে একদিকে যেমন দেখানো হবে দেশ-বিদেশের পূর্ণদৈর্ঘ্যের ছবি, তেমনি একইসঙ্গে থাকবে নানা দেশের অ্যানিমেশন, স্বল্পদৈর্ঘ্যের ছবি ও তথ্যচিত্র। এবার স্ট্যান লরেল-এর জন্মের ১২৫ বছর পূর্তি উপলক্ষ্যে লরেল অ্যান্ড হার্ডি-র অনেকগুলি ছবি আছে। কমেডি-র প্রবাদপ্রতিম বাস্টার কিটনও হাজির তোমাদের মনোরঞ্জন করতে। শিশু কিশোর আকাদেমি গত দুবছর ধরেই একটি উল্লেখযোগ্য কর্মশালার আয়োজন করে, যেখানে শিশু কিশোররা নিজেরাই তৈরি করে ছবি। এবার দেখানো হবে সেই কর্মশালায় শ্রী দেবেশ চট্টোপাধ্যায়-এর নির্দেশনায় তৈরি ছবি—'The Last Day of Summer Vacation'. এছাড়াও উৎসবের সময় 'চলচ্চিত্রে প্লেব্যাক' ও 'সিনেমা দেখতে শেখা' নিয়ে চলবে দুটি কর্মশালা, যার দায়িত্বে থাকবেন যথাক্রমে শ্রী শ্রীকান্ত আচার্য ও শ্রী বীরেশ চট্টোপাধ্যায়। এছাড়াও তোমাদের জন্য আছে দুটি অভিনব প্রদর্শনী 'ক্যামেরার বারোকাহন' ও 'ডাকছে দেখো ডাকটিকিট।'

দুটি বিশেষ সংকলনও প্রকাশিত হতে চলেছে কমেডির কিংবদন্তিদের নিয়ে—বাস্টার কিটনের ওপর 'বাস্টার কিটন—চোখ দিয়ে যায় চেনা' ও লরেল-হার্ডির ওপর 'কমেডির সেরা জুটি'। নানাদেশের নানাসোয়াদের ছবি দেখতে এসে এবছরের বড়ো পর্দায় বিশ্বভ্রমণের কোটা-টা পূরণ করে যাও। সবাই খুব আনন্দ করে মাতিয়ে রেখো উৎসব।

স্বাতী চক্রবর্তী

স্বাতী চক্রবর্তী



## The Executive Editor Speaks

It has been a hundred and twenty years of cinema. Well...Almost. Who would have thought then that someday we would not be able to conceive a life without film? Today, we produce at least a thousand films per year in India, and that is a vast vast number. In fact, we saw in 2013, by the sheer strength of numbers the largest film Industry in the world was the Indian Film Industry. But, only a paltry number of these films are for children. On the other hand, all over the world, in countries other than our own, films for children are being made, in various forms, lengths, and of various types, tastes and genres.

This year, the Kolkata International Children's Film Festival is going to celebrate its fifth birthday. Like every other year, we bring to you a diverse plethora of 176 films from at least 20 countries. On one hand this includes full-length feature films from various nations, on the other hand it also includes animation films, shorts and documentaries. As usual we shall plunder the mines of the old classics and dig out for you gems like Laurel and Hardy Shorts to commemorate Stan Laurel's 125th Birth Anniversary. Ol' stone-faced Buster (Keaton) will be here as well to entertain you folks.

In the last two years the Shishu Kishore Academy has also set the exciting precedent of film-making workshop. This year's workshop film, made by the children, under the able guidance of Shri Debesh Chattyopadhyay, 'The Last Day of Summer Vacation' will be screened at the festival. There'll be two other exciting workshops as well, on 'Playback in Films' and 'Film Appreciation' conducted by Shri Srikanto Acharya and Shri Biresh Chattopadhyay respectively.

A novelty of two exhibitions, "Camera-r barokahon" on the evolution of film cameras, and a stamp show on children's films, "Dakchhey dekho dakticket" will also be held during the festival. There'll also be two special publications on Laurel and Hardy and Buster Keaton.

So come one, come all to complete your world-tour on the big-screen! As usual, we hope and endeavor to please you. Cheers! Wish you all a very happy New Year!

Swati Chakraborty

Swati Chakraborty

# Committees & Sub-Committees
# For The 5th Kolkata International Children's Film Festival, 2015

## Executive Committee

Atri Bhattacharya IAS, *Chairperson, Children's Film Festival* & Pr. *Secretary, I&CA Dept*

Arpita Ghosh, *Director, Children's Film Festival* & *President, Shishu Kishore Akademi*

Yadab Mondal, *Chief Executive Officer, Nandan* & *E.C: Joint Secretary, I&CA Dept*

Prasad Ranjan Roy

Shankarlal Bhattacharya

Raju S. V Raman

Chandi Mukhopadhyay

Ladlly Mukhopadhaya

Debesh Chattopadhyay

Sajal Datta

Dipanwita Roy

Isha Mukerji, *Convener, Executive Committee* & *Secretary, Shishu Kishore Akademi*

## Publication & Printing Sub-Committee

Arpita Ghosh

Ladlly Mukhopadhaya

Sharbani Bandyopadhyay, *Publication Manager, SKA* & *Convener*

Swati Chakraborty

Anirban Ghosh, *SKA*

Sujit Halder, *SKA*

Madhusudan Mondal, *SKA*

## Finance Sub-Committee

Arpita Ghosh

Subrata Mukherjee, Secretary, *I&CA Dept*

Namita Roy Mallick, WBCS (Exe), *Director of Culture, I&CA Dept*

Sonkudev Panda

Isha Mukerji

Arkadeb Bhaduri, WBA&AS, *Accounts Officer, Nandan*

Basudeb Ghosh, *ADI, I&CA Department*

Ranabir Sengupta, *SKA*

Mahuya Roy, *SKA*

## Management & Liaison Sub-Committee

Arpita Ghosh

Piyali Sengupta IAS, *Additional Secretary, I &CA Dept*

Sudip Ghosh IAS, *Commissioner, I&CA Dept*

Ritendra Narayan Basu Roy Chowdhury, WBCS (Exe), *Director of Information & E.O. Joint Secretary, I&CA Dept*

Dipanwita Roy

Isha Mukerji

Pradip Kr Sarkar, *ADI, I&CA Department*

Gautam Ganguly, *DDI, I&CA Dept*

Sharbani Bandyopadhyay, *P.M., SKA*

Arindam Mukhopadhyay, *SKA*

Anirban Ghosh, *SKA*

## Film Selection Sub-Committee

Arpita Ghosh

Alokajjal Bandyopadhyay, Joint *Secretary& Director (Film), I&CA Dept*

Ladly Mukhopadhaya

Aniruddha Dhar

Chandi Mukhopadhyay

Swati Chakraborty

Kalyan Bhowmik, *Technical Supervisor, SCB, I&CA Dept*

Chandan Goswami, *Nandan*

Arka Deb

Pratyay Choudhury

Kamal Bhowmik

### Technical Sub-Committee

Debananda Sengupta, EO. *CSB, I&CA Dept*

Kalyan Bhowmik, *Technical Supervisor, CSB, I&C/l Dept*

Ayan Mitra, Executive Engineer *PWD Civil, West Kolkata Division*

Bikash Dutta, Executive Engineer *PWD Electrical, West Kolkata Division*

Sub Assistant engineer PWD Civil, *West Kolkata Division*

Anutosh Sau, Sub Assistant engineer *PWD Civil, West Kolkata Division*

Sumit Chakraborty, *PWD Electrical*

### Print Unit Sub-Committee

Sri Kalyan Bhowmick
Sri Kajol Kr. Sarkar
Sri Sandip Debdas
Sri Hirak Sutar
Sri Subhas Bachar
Sri Ashutosh Das

### Event Management Sub-Committee

Arpita Ghosh

Isha Mukerji

Sharbani Bandyopadhyay, *PM., SKA*

Arindam Mukhopadhyay, *SKA*

Sanjeet Koley, *HA, Rabindra Sadan*

Anirban Ghosh, *SKA*

Ranabir Sengupta, *SKA*

Mahuya Roy, *SKA*

Sujit Haldar, *SKA*

Sankalpa Sengupta, *SKA*

Rajendra Ash, *SKA*

Surajit Ray, *SKA*

Madhusudan Mondal, *SKA*

### Press & Media Sub-Committee

Arpita Ghosh

Ladly Mukhopadhaya

Dipanwita Roy

Isha Mukerji

Sharbani Bandyopadhyay, *PM., SKA*

Arabinda Mondal, *Chief of News Bureau, I&CA Dept*

Utpalendu Mondal, *ADI, I&CA Dept*

Smarajit Pramanik,AIO, *I&CA Dept*

Barun Saha *,ADI, I&CA Dept*

### Programming Sub-Committee

Isha Mukerji

Ladly Mukhopadhaya

Swati Chakraborty

Chandan Goswami, *Nandan,*

Kamal Bhaumik

Arindam Mukhopadhyay, *SKA*

Anirban Ghosh, *SKA*

### Exhibition & Workshop Sub-Committee

Kaustav Tarafdar, *DDI, I&CA Dept*

Sumita Dey, ADI, I&CA Dept

Biswajit Lahiri, Sr Artist, I&CA Dept

Arindam Bosu, Translator, I&CA Dept

Nilappu Gopal, Rabindra Sadan.

### Hospitality Sub-Committee

Gautam Ganguly, *DDI, I&CA Dept*

Debashish Haldar, *ADI, I&CA Dept*

Sujoy Sarkar, *Protocol Officer, I&CA Dept*

Dipanwita Mandal, *SDICO, HQ*

Arindam Mukhopadhyay, *SKA*

Anirban Ghosh, *SKA*

Surajit Ray, SKA

Madhusudan Mandal, SKA

Rajesh Das, *SKA*

Nakul Das, *Rabindra Sadan*


5th Kolkata International Children's Film Festival
22-29 December 2015

# Content


Inaugural Film: Killa ■ 23
Our Film: The Last Day of Summer Vacation ■ 26
Closing Film: Pappu Ki Pugdandi ■ 27
Robin Williams Reef ■ 29
The Stone Face Buster Keaton ■ 33
The Twin Kings of Comedy ■ 37
The Oscar Winners ■ 41
Literature and Cinema ■ 45
100 Years of Chaplin's Films ■ 51
75 Years Celebration ■ 57
50 Years Celebration ■ 59
25 Years Celebration ■ 61
Toy for Joy ■ 63
National Best ■ 65
World Cinema ■ 67
Phir Bhi Dil Hai Hindustani ■ 85
Chalachittir Felu Mittir ■ 89
Dharitri - The Mother Earth ■ 93
Bumping on Humping Camels ■ 97
Shorts and Documentaries: International ■ 99
International Animations ■ 101
Shorts and Documentaries: National ■ 103
Films Division : Biographical Films and Documentaries ■ 105

# 5th Kolkata International Children's Film Festival

22-29 December 2015

# INAUGURAL FILM

# Killa



**Killa,** India, 2014, 78 minutes

Director : **Avinash Arun**

Eleven years old Chinmoy has a difficult time coping with his father's death. He has to move to a small town by the sea as his mother is transferred to this area. Being a city boy, he finds it difficult to settle down. But eventually when he makes good friends and starts liking the new place, it is time to move on. His mother is again transferred.

The film has been awarded the Best Feature Film in Marathi at the 62nd National Film Awards. It has also won the Crystal Bear in the 64th Berlin International Film Festival.

এগারো বছরের চিন্ময় বাবার মৃত্যুর আঘাত কাটিয়ে উঠতে পারেনি তখনও। তারই মাঝে মা কাজের সূত্রে বদলি হয়ে এসেছেন ছোট্ট এক মফস্বলে। বড়ো শহর থেকে আসা চিন্ময় এখানে মানিয়ে নিতে পারে না সহজে। আর শেষ পর্যন্ত যখন সবে তার নতুন সব বন্ধু হয়েছে, ভালো লাগছে জায়গাটা, তখনই আবার মায়ের বদলির অর্ডার আসে।

এই সিনেমাটি এবার ৬২তম জাতীয় চলচ্চিত্র পুরস্কার অনুষ্ঠানে সেরা মারাঠি ভাষার চলচ্চিত্র হিসাবে পুরস্কৃত হয়েছে। ক্রিস্টাল বেয়ার অ্যাওয়ার্ড জিতে নিয়েছে বার্লিন চলচ্চিত্র উৎসবেও।




5th Kolkata International
Children's Film Festival
22-29 December 2015


OUR FILM



**The Last Day of Summer Vacation,** 2015, 13 minutes

Workshop Director : **Debesh Chattopadhyay**

This is a story of a lonesome boy namely Iman. He is reared up as a loner since his childhood. His parents are employed and thus returns late at night. Today it is the last day of Iman's Summer Vacation. He paints, watches television, plays computer games and acts as Spiderman. It makes him tired. While standing beside the window he notices few boys are playing with a kite. A boy, Ali, invites Iman to join them. Perplexed Iman finally joins them getting out of the house. Ali introduces Iman to a new undiscovered world. Iman never ever enjoyed the nature so closely. So the last day brings a glimpse of joy for him. Iman intentionally did not share with his parents about his experience and about his new pal. He kept a guava in his bag, gifted by Ali. He started drawing a butterfly which he observed all the day long. That colourful butterfly flies away in his dream from his drawing copy.

একটি ছোটো বাচ্চার জীবনের একাকিত্বের কাহিনি। বাচ্চাটির নাম ইমন। ছোটোবেলা থেকেই সে একা একা বড়ো হয়েছে। বাবা-মা দুজনেই চাকরি করে, সকালে বাড়ি থেকে বেরিয়ে যায় ও অনেক রাতে ফেরে। আজ ইমনের স্কুলের গরমের ছুটির শেষ দিন। ইমন সারাদিন বাড়িতে একা একা থেকে বোর হয়। ছবি আঁকে, টিভি দেখে, কম্পিউটারে গেম খেলে, স্পাইডারম্যান সেজে যুদ্ধ করে। একটা সময়ের পর ক্লান্ত হয়ে জানলার কাছে গিয়ে দাঁড়ালে দেখতে পায় পাড়ার অনেক বাচ্চারা মিলে ঘুড়ি নিয়ে খেলছে। ওদের মধ্যে আলি নামে একটি ছেলে বাইরে থেকে হাতছানি দিয়ে ইমনকে ডাকে। প্রথমটায় যেতে না চাইলেও ইমন পরে বাড়ি থেকে বেরিয়ে আসে। আলি ইমনকে সম্পূর্ণ একটা অপরিচিত জগতের সঙ্গে পরিচয় করায়। ইমন এর আগে কখনও প্রকৃতিকে এত ভালো ভাবে উপভোগ করেনি। এভাবেই ইমনের গরমের ছুটির শেষ দিনটা বেশ আনন্দে কাটে। রাতে বাড়ি ফিরে এলে বাবা-মা যখন জানতে চায় তখন সে তার এই সারাদিনের এত আনন্দের কথা, নতুন বন্ধু আলির কথা কাউকে বলে না। আলির দেওয়া একটা পেয়ারা সে ব্যাগের মধ্যে লুকিয়ে রাখে। আর একটা রঙিন প্রজাপতির ছবি সে খাতায় আঁকতে থাকে, যা সে সারাদিন ধরে দেখেছে। ওই রঙিন প্রজাপতিটা আঁকার খাতা থেকে ইমনের স্বপ্নের মধ্যে উড়ে যায়।





# Closing Film

# PAPPU KI PUGDANDI

**Pappu Ki Pugdandi,** India, 2015, 83 minutes

Director : **Seema Desai**

An eight-year-old boy changes school and finds himself utterly lonely. The children from the new fancy institution scoff at him for his poor English. Then a genie enters his life. When young Pappu meets a genie, he thinks all his problems will be taken care of, but the genie makes Pappu realize that there are no shortcuts to happiness and he identifies his own strengths.

ইশকুল বদলিয়ে পাপ্পু বড়ই মনমরা। নতুন ইশকুলের নাক-উঁচু বাচ্চারা ওর ইংরেজি শুনে টিটকিরি দেয়। কিন্তু এর মধ্যে পাপ্পুর কাছে এসে হাজির হয় এক জিন। পাপ্পু ভাবে এই তো দিব্যি মুশকিল আসান! কিন্তু জিন তাকে বোঝায় যে সুখের কোনো চটজলদি রাস্তা নেই। আস্তে আস্তে পাপ্পু নিজের গুণগুলো চিনতে শেখে।



# 5th Kolkata International Children's Film Festival

22-29 December 2015


ROBIN
WILLIAMS
REEF

**Mrs. Doubtfire,** USA, 1993, 125 minutes

Director : **Chris Columbus**

Worried that he has little access to his children, divorced Daniel Hillard hatches a plan. With help from his brother Frank, he dresses as an older British woman and convinces his ex-wife, Miranda, to hire him as a babysitter. 'Mrs. Doubtfire' wins over the children and helps Daniel become a better parent—but when both Daniel and his nanny persona must meet different parties at the same restaurant, his secrets may be exposed.



ডিভোর্সের পরে বাচ্চাদের সঙ্গে যথেষ্ট সময় কাটানোর সুযোগ পায় না বাবা ড্যানিয়েল। তাই সে তার ভাইয়ের থেকে সাহায্য নিয়ে প্রৌঢ়া ভদ্রমহিলার ভেক ধরে তার স্ত্রীর বাড়িতে বাচ্চাদের দেখাশোনার কাজ নেয়। সে বাচ্চাদের মন জয় করে নেয়, বাবা হিসেবেও আগের চেয়ে ভালো হয়ে ওঠে। কিন্তু শেষপর্যন্ত সে কি ধরা পড়ে গেল?



**Jumanji,** USA, 1995, 104 minutes

Director : **Joe Johnston**

A magical board game unleashes a new horizon of adventure on siblings Peter and Judy Shepherd. While discovering an old mansion, the youngsters find a curious, jungle-themed board game called Jumanji in the attic. When they start playing, they free Alan Parrish, who's been trapped in the game's inner world for ages. If they win Jumanji, the kids can free Alan for good – but that means braving giant bugs, uncivil monkeys and even stampeding rhinos!

পিটার আর জুডি এক পুরোনো বাড়ির চিলেকোঠায় খুঁজে পায় 'জুমানজি' নামে এক অদ্ভুত বোর্ড গেম। খেলাটা খেলতে গিয়ে তারা এই খেলার জগতে বহুযুগ ধরে বন্দি হয়ে থাকা অ্যালানকে পায়। কিন্তু সারাজীবনের জন্য তাকে মুক্ত করতে হলে জঙ্গুলে খেলার নানা বিপদ এড়িয়ে জুমানজিকে হারাতে হবে তাদের।

**Aladdin,** USA, 1992, 90 minutes

Director : **Ron Clements, John Musker**

When a street hooligan vies for the love of a beautiful princess, he uses a genie's magic power to make himself off as a prince in order to marry her.




রাস্তার ছেলে আলাদিন জিনের জাদুশক্তিতে রাজপুত্তুর হয়ে ওঠে, বিয়ে করে অপূর্ব সুন্দরী রাজকন্যেকে।

**Hook,** USA, 1991, 142 minutes

Director : **Steven Spielberg**

When his young children are abducted by his old nemesis, Capt. Hook (Dustin Hoffman), middle-aged lawyer Peter Banning (Robin Williams) returns to his magical origins as Peter Pan. Peter must revisit a foggy past in which he abandoned Neverland for family life, leaving Tinkerbell (Julia Roberts) and the Lost Boys to fend for themselves. Given their bitterness toward Peter for growing up—and their allegiance to their new leader, Rufio – the old gang may not be happy to see him.




উকিল পিটার ব্যানিং-এর দুই ছেলেকে অপহরণ করে তার চরম শত্রু দুর্ধর্ষ জলদস্যু ক্যাপ্টেন হুক। বাধ্য হয়ে তাকে ফিরতেই হয় ছোটোবেলার জাদুজগৎ নেভারল্যান্ডে, যেখানে সে ছিল পিটার প্যান। কিন্তু সেখানে তার পুরোনো বন্ধুরা, টিংকার বেল আর লস্ট বয়েজ্ দলের ছেলেরা তার ওপর খাপ্পা। কারণ পিটার নেভারল্যান্ড ছেড়ে চলে গিয়েছিল, আর সে বেজায় বড়ো হয়ে গেছে। এখন তাদের নতুন দলপতি রাফিও। তারা কি আর পিটারকে সাথ দেবে?




5th
Kolkata
International
Children's
Film Festival
22-29 December 2015

# THE STONEFACE
# BUSTER KEATON



**The Butcher Boy,** USA, 1917, 30 minutes

Director : **Roscoe 'Fatty' Arbuckle**

The story involves Arbuckle working as the butcher boy in a country store. He falls in love with the cashier, who is the daughter of the store owner. He follows her, disguised as a female cousin, to an all-girl boarding school.




একটি ছেলে গ্রামের কসাই-এর দোকানে কাজ করে। দোকান-মালিকের মেয়ের প্রেমে পড়ে সে। তুতো বোন সেজে ছেলেটি মেয়েটির সঙ্গ ধরে হাজির হয় মেয়েদের বোর্ডিং ইশকুলে।




**Sherlock Jr.,** USA, 1924, 56 minutes

Director : **Buster Keaton**

A movie theater projectionist and janitor is in love with a beautiful girl. While showing a film about the theft of a pearl necklace, he falls asleep and dreams that he enters the movie as a detective. The other actors as replaced by the projectionist's 'real' acquaintances.

সিনেমাহলে চাকরি করে একটি ছেলে। সে ভালোবাসে এক সুন্দরী কন্যেকে। একদিন যখন মুক্তোর নেকলেস চুরি নিয়ে একটি সিনেমা দেখানো হচ্ছে তখন ঘুমিয়ে পড়ে ছেলেটি। স্বপ্নে ছবির গল্পের জগতে ঢুকে পড়ে সে, ডিটেকটিভের ভূমিকায়। সেখানে আবার তারই সব পরিচিত লোকেরাও রয়েছে নানা ভূমিকায়।



**Steamboat Bill, Jr.,** USA, 1928, 70 minutes

Director : **Buster Keaton, Charles Reisner**



A fancy and modern new steamer paddle-wheeling on the Mississippi River is named the 'King'. It approaches the town's waterfront dock on its inaugural cruise. The handsome riverboat is owned by formally-dressed John James King. Already moored at the dock is the old steamer, a dilapidated boat named 'Stonewall Jackson.' The owner of the ancient Mississippi steamer is the tough and brawny captain William Canfield, better known as Steamboat Bill. During the festivities, he smokes a pipe and spits to the side, showing his disgust for the competition.

ঝাঁ চকচকে নতুন স্টিমার চালু হয়েছে মিসিসিপি নদীতে; নাম তার 'কিং'। কেতাদুরস্ত মালিকের নামও কিং। প্রথম ফেরিতে শহরের ডকে এসে ভিড়বে সে। এদিকে ডকে নোঙর করে আছে ভাঙাচোরা 'স্টোনওয়াল জ্যাকসন' নামে আরেকটি স্টিমার। আদ্যিকালের পুরোনো এই স্টিমারের শক্তপোক্ত মালিককে সবাই চেনে স্টিমবোট বিল নামে। এই কমপিটিশনে বিল একদম তিতিবিরক্ত।






5th Kolkata International Children's Film Festival

22-29 December 2015

# The Twin Kings of Comedy





**45 Minutes from Hollywood,** USA, 1926, 21 minutes
Director : **Fred Guiol**
A man gets into trouble on occasion of visiting Hollywood when he misinterprets a real bank robbery which was in progress with a movie scene.
একটি লোক হলিউডে বেড়াতে এসে সিনেমার শটে চলতে থাকা ডাকাতির ঘটনা আর সত্যিকারের ব্যাঙ্ক ডাকাতির মধ্যে গুলিয়ে ফেলে। কোনটা আসল রে বাবা!




**Another Fine Mess,** USA, 1930, 28 minutes
Director : **James Parrott**
Two homeless vagabonds hide out in a vacant mansion and pose as the residents when prospective lessees arrive and try to rent it.

দুই ভবঘুরে এক ফাঁকা বাড়িতে লুকিয়ে আছে। ঘরভাড়া নিতে যখন অন্য লোকেরা আসে তখন তারা ভান করে যে তারা ওই বাড়িতেই থাকে।

**Early to Bed,** USA, 1928, 18 minutes
Director : **Emmett J. Flynn**
Oliver inherits a fortune and hires Stan as his butler and proceeds to torment him. Stan finally rebels and goes on a rampage, destroying Oliver's fancy furnishings.

অলিভার হঠাৎ উত্তরাধিকারসূত্রে সম্পত্তি পেয়ে স্ট্যানকে বাটলার হিসেবে চাকরি দেয়। স্ট্যানকে এমন উত্যক্ত করে তোলে অলি যে শেষে বিদ্রোহ করে, অলির শৌখিন সব আসবাব ভেঙে চুরমার করে দেয় স্ট্যান।




**Laughing Gravy,** USA, 1931, 31 minutes
Director : **James W. Horne**
Stan and Ollie try to hide their pet dog Laughing Gravy from their infuriated mean landlord, who has a 'No Pets' policy.

কুচুটে খ্যাঁচখ্যাঁচে বাড়িওয়ালা বাড়িতে কোনও পুষ্যি ঢুকতে দেবে না। অলি আর স্ট্যানের পোষা কুকুর লাফিং গ্রেভিকে লুকিয়ে রাখা যে কী সমস্যা!



**Me and My Pal,** USA, 1933, 20 minutes

Director : **Charley Rogers, Lloyd French**

It's the morning of Oliver's wedding to oil merchant Peter Cucumber's daughter. While waiting for the taxi to take them to the ceremony, Oliver and his best man Stanley become captivated in a jigsaw puzzle, Stanley's wedding present. Eventually the taxi driver, the butler, a policeman and a messenger boy all get into with the puzzle, forgetting all about the wedding.

তেলের ব্যবসায়ীর মেয়েকে বিয়ে করছে অলি। বিয়ের দিন সকালে স্ট্যান, তার জন্য উপহার আনে জিগস পাজল। বিয়ে করতে যাবে বলে ট্যাক্সির অপেক্ষায় দাঁড়িয়ে তারা শুধু নয়, ট্যাক্সি ড্রাইভার, পুলিস, বাটলার, পিয়ন সবাই মেতে যায় জিগস নিয়ে। বিয়ে-টিয়ের কথা কারও মনেই নেই!




**The Chimp,** USA, 1932, 25 minutes

Director : **James Parrott**

Two incompetent circus performers inadvertently help drive the circus into ruin and then end up in possession of a flea circus and an oversized chimp.

দুই অপদার্থ খেলোয়াড়ের বোকামিতে তারা যেখানে চাকরি করে সেই সার্কাস শিকেয় ওঠে। শেষটায় তারা নিজেরাই সার্কাস শুরু করে মস্ত এক শিম্পাঞ্জিকে নিয়ে।




**Putting Pants on Philip,** USA, 1927, 19 minutes

Director : **Clyde Bruckman**

Pompous J. Piedmont Mumblethunder, greets his nephew from Scotland, who arrives in kilts. He is immediately taken to a tailor for a pair of proper pants.

জাঁকালো ভদ্রলোক মাম্বলথান্ডারের ভাইপো এসেছে স্কটল্যান্ড থেকে, তাদের জাতীয় পোশাক কিল্ট পরে। কাকা তাকে পাকড়াও করে নিয়ে যায় টেলারের কাছে প্যান্ট বানাতে।





**The Bullfighters,** USA, 1945, 61 minutes

Director : **Malcolm St. Clair, Stan Laurel**

Bumbling detective Stan Laurel disguises himself as a famous matador in order to hide from the vengeful Richard K. Muldoon, who spent time in prison on Stan's bogus testimony.

স্ট্যানের সাক্ষীতে জেলে গেছিল রিচার্ড। জেল ফেরত রিচার্ড প্রতিশোধ নেবেই। স্ট্যান বুলফাইটার মাটাডরের ছদ্মবেশ নিয়ে লুকিয়ে থাকার চেষ্টা করে।

**The Music Box,** USA, 1932, 29 minutes

Director : **James Parrott**

In a music store, Mrs. Theodore orders a piano as a surprise birthday gift for her husband, The Professor. The manager hires the Laurel and Hardy to deliver the piano. The duo soon learn from a postman that the home is at the top of a very long stairway.

Finally, after a series of adventures when they delivers the piano, The Professor is outraged as he hates pianos. He destroys it, but regrets his action when his wife returns home and tearfully tells her husband it had been a surprise birthday present. The Professor signs the cheque, but the pen Stan and Ollie give him squirts ink over his face. Furious, The Professor blows his temper again and makes the duo run away.

মিসেস থিওডোর তার প্রফেসর স্বামীর জন্য একটা পিয়ানো কেনেন, জন্মদিনে তাকে চমকে দেবেন বলে। দোকানের ম্যানেজার লরেল হার্ডির কোম্পানিকে দায়িত্ব দিল পিয়ানো ডেলিভারির। ঠিকানা খুঁজে তারা দেখে এক বিরাট সিঁড়ি ভেঙে উঠে প্রফেসরের বাড়ি। পিয়ানো সেখানে তোলে কিভাবে? নানা কান্ডের পর, যখন সেটা তোলা হল, তখন প্রফেসর এসে রেগেমেগে সেটা ভেঙেই ফেললেন। তার স্ত্রী তো কান্নাকাটি। এটাই জন্মদিনের উপহার শুনে প্রফেসর চেক সই করতে রাজি হলেন। কিন্তু স্ট্যান আর অলি তাকে এমন পেন দিল যার থেকে প্রফেসরের মুখে কালি ছিটকে একাকার। প্রফেসর এমন রেগে গেলেন যে মানিকজোড় পালিয়ে বাঁচল।



**Way Out West,** USA, 1937, 64 minutes

Director : **James W. Horne**

Stan and Ollie are charged with delivering the deed for a valuable gold mine to the daughter of a dead prospector. However they have to deal with her evil guardian Mickey Finn who is determined to have the gold mine for himself and his saloon singer wife Lola.

মৃত প্রসপেক্টরের মেয়ের কাছে এক সোনার খনির দলিল পৌঁছে দেওয়ার দায়িত্ব নেয় স্ট্যান ও অলি। কিন্তু এই মেয়ের ফন্দিবাজ অভিভাবক মাইকি ফিন ও তার গায়িকা গিন্নি লোলা যারা সোনার খনিটা দখল করতে চায় তাদের মোকাবিলা করতে হয় স্ট্যান ও অলিকে।



# THE OSCAR WINNERS






**Finding Nemo,** USA, 2003, 100 minutes

Director : **Andrew Stanton, Lee Unkrich**

A timid clownfish sets out on a journey to bring his son home, after this little one is captured in the Great Barrier Reef and taken to Sydney.



ছোট্ট মাছ নিমো বাড়ি থেকে বেরিয়ে আটকে পড়ে গ্রেট ব্যারিয়র রিফে, তাকে বন্দি করে নিয়ে যাওয়া হয়েছে সিডনিতে। এই খবর পেয়ে তার বাবা নিমোকে উদ্ধার করে ফিরিয়ে আনতে দুস্তর সাগর পাড়ি দেয়।



**Ratatouille**, USA, 2007, 111 minutes

Director : **Brad Bird, Jan Pinkava**

A rat named Remy dreams of becoming a great chef despite his family's wishes and the obvious problem of being a rat in a decidedly rodent-phobic profession. He makes an unusual amity with a young kitchen worker at a famous restaurant.

রেমি নামে এক ইঁদুর স্বপ্ন দেখে মস্ত শেফ হবে সে। তার পরিবার অবশ্য মোটেও তা চায় না। তাছাড়া রাঁধুনি হিসেবে ইঁদুর! নৈব নৈব চ। কিন্তু রেমির সঙ্গে ভাব হয়ে যায় এক বিখ্যাত রেস্তোরাঁর কর্মীর। আর তারপর?!







**Frozen,** USA, 2013, 102 minutes

Director : **Chris Buck, Jennifer Lee**

Newly crowned Queen Elsa accidentally uses her power to turn things into ice to curse her home into infinite winter. Her sister, Anna, teams up with a mountain man, his playful reindeer, and a snowman to change the weather conditions.

রাজকুমারী এলসা রানি হয়ে অজান্তে তার জাদুবলে চারপাশের সবকিছু জমিয়ে বরফে পরিণত করে। নেমে আসে চিরশীতের অভিশাপ। তার বোন অ্যানা, পাহাড়ি এক বন্ধু, তার পোষা বল্গা হরিণ আর এক তুষারমানবকে সঙ্গী করে আবহাওয়া পালটায় অবশেষে।







**Up,** USA, 2009, 96 minutes

Director : **Pete Docter, Bob Peterson**

Seventy-eight year old Carl Fredricksen travels to Paradise Falls with his home equipped with balloons, unwarily taking a young stowaway.

আটাত্তুরে বুড়ো কার্ল তার বেলুন-বাড়ি নিয়ে পাড়ি দেয় স্বর্গীয় ঝরনার দেশে। কিন্তু সঙ্গে জুটে যায় তার অজান্তে বাড়িতে লুকিয়ে থাকা ছোট্ট একটা ছেলে।






**Big Hero 6,** USA, 2014, 102 minutes

Director : **Don Hall, Chris Williams**

The movie is about the special bond that develops between plus-sized inflatable robot Baymax, and prodigy Hero Hamada, who team up with a group of friends to form a band of high-tech heroes.

মস্ত ফোলানো রোবট বেম্যাক্স আর ছোট্ট হিরো হামাদা মিলে একদল বন্ধু জুটিয়ে তৈরি করে হাই-টেক ব্যান্ড। এদের বন্ধুত্বের গল্প নিয়ে এই ছবি।




**Brave,** USA, 2012, 93 minutes

Director : **Mark Andrews, Brenda Chapman & Steve Purcell**

Merida is a skilled archer and impetuous daughter of King Fergus and Queen Elinor. Determined to carve her own path in life, Merida defies an age-old custom sacred to the uproarious lords of the land.

রাজা ফার্গাস আর রানি এলিনর-এর মেয়ে মেরিডা ধনুর্বিদ্যায় পারদর্শী। সে তার জীবনের পথ নিজে বেছে নিতে চায়। তার জন্য দেশের বড়ো বড়ো সামন্তপ্রভুদের তৈরি যুগযুগ ধরে চলে আসা তথাকথিত পবিত্র প্রথানিয়ম ভাঙতে সে পিছপা নয়।






# LITERATURE AND CINEMA






**Around the World in Eighty Days,** USA, 1956, 175 minutes

Director : **Michael Anderson, John Farrow**

The movie is about the adventure of Phileas Fogg, a Victorian Englishman who bets that with the new steamships and railways he can cover a voyage all over the world in eighty days.

The famous adventure novel written by Jules Verne in 1873 has been adapted to make this brilliant film which won 5 Academy Awards including Best Picture.

ফরাসি ঔপন্যাসিক জুল ভের্নের ১৮৭৩ সালে লেখা বিখ্যাত অ্যাডভেঞ্চার অবলম্বনে তৈরি হয়েছিল এই সিনেমাটি। ফিলিয়াস ফগ, ভিক্টোরিয়ান যুগের এক ইংরেজ আবিষ্কারক মাত্র ৮০ দিনে সারা দুনিয়া পাড়ি দিয়ে ফিরে আসতে পারবেন এমনই এক বাজি ধরে বেরিয়ে পড়েন বিশ্বভ্রমণে।

সিনেমাটি 'সেরা ছবি' সহ পাঁচ পাঁচটি আকাদেমি অ্যাওয়ার্ড জিতে নিয়েছিল।




**20,000 Leagues Under the Sea,** USA, 1954, 127 minutes

Director : **Richard Fleischer**

Another classic adventure novel by Jules Verne has been adapted in this Disney production. A ship sent to investigate a wave of mysterious sinkings, encounters an advanced submarine, the Nautilus, commanded by Captain Nemo. The novel was written in the year 1870.

প্রখ্যাত ফরাসি সাহিত্যিক জুল ভের্ন-এর আরেকটি ক্লাসিক অ্যাডভেঞ্চার কাহিনি অবলম্বনে এই সিনেমাটি নির্মাণ করেছে ডিজনি স্টুডিও। উপন্যাসটি রচিত হয়েছিল ১৮৭০ সালে। পরপর ঘটতে থাকা নানা রহস্যজনক জাহাজডুবির তদন্তে পাঠানো হয় একটি জাহাজকে। তদন্তকারীদের সঙ্গে মোলাকাত হয় শক্তিশালী এক সাবমেরিনের, যার পরিচালক ক্যাপ্টেন নিমো নামে এক দুর্ধর্ষ নাবিক।





**Postmaster,** India, 1961, 41 minutes

Director : **Satyajit Ray**

This short film is part of 'Teen Kanya' made by Satyajit Ray. It is an adaptation of Tagore's short story. It tells us about the relationship between a city-bred postmaster who gets transferred to a remote village, and a young girl who takes care of him.

রবীন্দ্রনাথ ঠাকুরের ছোটোগল্প অবলম্বনে নির্মিত সত্যজিৎ রায়ের 'তিন কন্যা'র প্রথম অংশটি পোস্টমাস্টার। শহুরে পোস্টমাস্টার বদলি হয়ে আসেন প্রত্যন্ত গ্রামে। ছোট্ট মেয়ে রতন তার দেখাশোনা করে। এদের দুজনের এক গভীর মানবিক সম্পর্কের গল্প বলে এই ছবি।



**Dakghar,** India, 1965, 61 minutes

Director : **Zul Vellani**

The film is an adaptation of Rabindranath Tagore's play 'Dakghar'. Amal, a young boy with an incurable disease is trapped inside the house by the strict order of the local Kabiraj, and under the surveillance of his doting uncle. His only liberty seems to be in talking to everyone who passes by his open window and nurturing many dreams and fantasies. His principle ambition is to be a wandering postman for 'his King'.

রবীন্দ্রনাথ ঠাকুরের নাটক 'ডাকঘর' অবলম্বনে তৈরি হয়েছে এই ছবিটি। দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত অমল কবিরাজমশাইয়ের কড়া নিষেধাজ্ঞায় গৃহবন্দি। তার স্নেহশীল পিসেমশাই তাকে আটকে রেখেছেন ঘরে। তার খোলা জানালার সামনের পথ দিয়ে যত লোক চলাচল করে তাদের সঙ্গে ভাব পাতিয়েই তার আনন্দ। অমল স্বপ্ন দেখতে ভালোবাসে। তার গভীর বিশ্বাস বড়ো হয়ে সে হবে তার রাজার ডাকহরকরা—ঘরে ঘরে দেশে দেশে রাজার চিঠি বিলি করে বেড়াবে সে।








**Atithi,** India, 1966, 112 minutes

Director : **Tapan Sinha**

A film based on a story by Rabindranath Tagore. To the despair of his mother and the irritation of his elder brother, Tarapada repeatedly runs away. He joins the family of a landlord who is travelling by boat. Everybody loves him. But when Tarapada finds that he may need to stay with them permanently, he vanishes unnoticed.

রবীন্দ্রনাথের ছোটোগল্প অবলম্বনে তৈরি এই ছবিটি। ঘরে তারাপদর মন টেঁকে না, সে বারেবারেই পালায়। সে আশ্রয় পায় এক জমিদারের কাছে, যিনি তখন নৌকায় যাচ্ছিলেন। সবাই তাকে ভালোবাসে। কিন্তু যেই সে বোঝে সে বাঁধা পড়তে চলেছে, অমনি সে আবার পালায়।

**Chheleta,** India, 1986, 91 minutes

Director : **Santosh Ghoshal**

Adapted from Tagore's prose poem 'Chheleta' this film tells a story of a naughty boy, his pranks and plays, and the lovely bond he had with his pet stray dog.

রবীন্দ্রনাথের গদ্যকবিতা 'ছেলেটা' অবলম্বনে এই ছবি এক দুষ্টু ছেলের নানা দুরন্তপনার গল্প বলে এবং ফুটিয়ে তোলে তার পোষা নেড়ি কুকুরের সঙ্গে তার এক মানবিক সম্পর্কের ট্রাজেডি।

**Arghya,** India, 1961

Director : **Debaki Kumar Bose**

This film is an adaptation of Tagore's three poems including 'Pujarini'.

রবীন্দ্রনাথের 'পূজারিণী' ও আরও দুটি কবিতা অবলম্বনে তৈরি এই ছবিটি।




**Fantastic Mr. Fox,** USA, 2009, 87 minutes

Director : **Wes Anderson**

A film based on the novel written by Roald Dahl tells us about an urbane fox who cannot resist returning to his farm raiding ways and then must help his community survive the farmers' counter attack.

রোয়াল্ড ডালের উপন্যাস অবলম্বনে নির্মিত এই ছবিতে আছে সভ্যভব্য মি. ফক্সের কাহিনি। মি. ফক্স প্রতিবেশী খামারবাড়িগুলোতে হানা দিয়ে মুরগি টুরগি ধরে আনেন। কাজেই খামারমালিকরা তাকে মারবে বলে দৃঢ়প্রতিজ্ঞ। মি. ফক্স কিভাবে এদের সমস্ত প্রচেষ্টা ভন্ডুল করে নিজের জ্ঞাতিগুষ্টিকে রক্ষা করেন তাই নিয়েই এই সিনেমা।



**Willy Wonka & the Chocolate Factory,**

USA, 1971, 100 minutes

Director : **Mel Stuart**

The film is an adaptation of a popular novel by Roald Dahl, Charlie and the chocolate factory. A poor young boy, Charlie, wins a tour through the most magnificent chocolate factory in the world, led by the world's most unusual candy maker, Willy Wonka. He has four utterly spoilt children with him who also won the tour. The film tells us about this magical event.

রোয়াল্ড ডালের উপন্যাস 'চার্লি অ্যান্ড দ্য চকোলেট ফ্যাক্টরি' অবলম্বনে নির্মিত এই ছবিটি। গরিবঘরের ছেলে চার্লি হাতে পেয়ে যায় বিশ্বসেরা চকোলেটিয়ার উইলি ওয়াংকা-র আশ্চর্য চকোলেট কারখানা ঘুরে দেখার সুবর্ণ সুযোগ। তার সঙ্গে যায় আদরে বাঁদরে আরও চার খোকাখুকু। তারপর কি ঘটে তাই নিয়েই এই ছবি।





## Matilda, USA, 1996, 102 minutes

Director : **Danny DeVito**

A film adapted from Roald Dahl's story with a twist in it. This is the story of a wonderful little genius girl, and her surroundings created by her favourite teacher, Miss Honey versus the worst parents ever and the worst school principal imaginable.

রোয়াল্ড ডালের গল্প অবলম্বনে তৈরি হয়েছে এই সিনেমাটি। এ গল্পে আমরা পাই এক অত্যাশ্চর্য প্রতিভাবান খুদে মাটিলডাকে। কিন্তু যেমন বিচ্ছিরি তার বাপ-মা, তেমনি ভয়ানক তার স্কুলের বড়দিদিমণি। একমাত্র বাঁচোয়া যে তার সঙ্গে আছেন তার প্রিয় শিক্ষিকা, মিস হানি।



## James and the Giant Peach, USA, 1996, 79 minutes

Director : **Henry Selick**

Based an a story by Roald Dahl, the film talks of James, an orphan living with terrible aunts for guardians who befriends human-like bugs who live inside a gigantic peach. They take the boy on a journey to New York City.



রোয়াল্ড ডালের গল্প অবলম্বনে নির্মিত এই সিনেমার নায়ক ছোটো অনাথ জেমস। তিন বিতিকিচ্ছিরি বুড়ির সঙ্গে সে থাকে। নিজেদের বাগানের এক মস্ত বড়ো পিচফলের ভেতরে বাস করে যে পোকারা তাদের সঙ্গে ভাব হয় জেমসের। এদের স্বভাব আবার মানুষেরই মতো। এদের সঙ্গে সে পাড়ি দেয় নিউ ইয়র্ক সিটিতে।




100
Years
Celebration

**The Tramp,** USA, 1915, 26 minutes

Director : **Charles Chaplin**

Charlie finds the girl of his dreams and works on her family farm. He helps defend the farm against criminals, and all seems well, until he discovers the girl of his dreams already has a boyfriend.

এক খামারবাড়িতে ভবঘুরে চার্লি খুঁজে পায় তার স্বপ্নের রানিকে! মেয়েটির পারিবারিক খামারকে রক্ষা করতে পাজি লোকেদের সঙ্গে লড়াই করে সে। সবই চলছিল দিব্যি কিন্তু শেষে সে আবিষ্কার করে মেয়েটির একটি প্রেমিক বর্তমান। আবার বেরিয়ে পড়ে ভবঘুরে।





**The Champion,** USA, 1915, 31 minutes

Director : **Charles Chaplin**

Walking along with his bulldog, Charlie finds a lucky horseshoe just as he passes a training camp advertising for a boxing partner. After witnessing the condition of the previous sparring partners, Charlie puts the horseshoe in his left glove and wins.

বুলডগ নিয়ে হাঁটতে বেরিয়ে চার্লি কুড়িয়ে পেল ভীষণ পয়া এক ঘোড়ার নাল। ওদিকে বক্সিং ট্রেনিং ক্যাম্পে চলছিল বক্সিং পার্টনারের খোঁজ। আগের পার্টনারদের বেহাল অবস্থা দেখে চার্লি নিজের বাঁ হাতের গ্লাভে ভরে নিল পয়া নালটিকে—এবং কিমাশ্চর্যম! সেই হল কিনা চ্যাম্পিয়ন!






**His New Job,** USA, 1915, 31 minutes

Director : **Charles Chaplin**

When one of the actors on a movie set doesn't show up, Charlie gets his chance to be on camera and replaces the actor. When he does finally act, he ruins the scene, wrecks the set and tears the skirt from the star.

সিনেমার সেটে এক অভিনেতা গরহাজির। চার্লিকে নেওয়া হল তার বদলে। ক্যামেরার সামনে অবতীর্ণ হয়ে চার্লি কেবল যে সিনটাই ভণ্ডুল করল তাই নয়, সেটের বারোটা বাজাল এবং এমনকি নায়িকার স্কার্ট পর্যন্ত ছিঁড়ে ফর্দাফাই করল।

**A Night Out,** USA, 1915, 34 minutes

Director : **Charles Chaplin**

After a visit to a pub, Charlie and Ben cause a ruckus at a posh restaurant. Charlie later finds himself at a hotel with the head waiter's wife.




চার্লি আর বেন দুজনে রাত্তিরবেলা চরতে বেরিয়ে পাবে গিয়ে মাতাল হয়ে যায়। এক বিলাসবহুল রেস্তোরাঁয় ঢুকে তারা লঙ্কাকাণ্ড বাধিয়ে দেয়। শেষে ঘোর কেটে গেলে সে আবিষ্কার করে সে বসে আছে এক হোটেলে, হেড ওয়েটারের গিন্নির কাছে !



**The Bank,** USA, 1915, 25 min

Director : **Charles Chaplin**

Thinking that the present addressed 'To Charles with love' is for him, Charlie gives Edna a rose which she throws in the garbage and Charlie get depressed. Charlie dreams of a bank robbery and his heroic role in saving the manager and Edna... but alas! It is only a dream.

'টু চার্লস উইথ লাভ' চিরকুট দেখে চার্লি ভাবে তাকেই উদ্দেশ্য করে লেখা; উৎফুল্ল চার্লি এডনাকে একটি গোলাপ দেয়। কিন্তু হায়, এডনা সেটা ছুড়ে ফেলে দেয় আবর্জনাস্তূপে। হতাশ চার্লি স্বপ্ন দেখে সে বীরের মতো ব্যাঙ্ক ডাকাতি রুখে এডনা আর ব্যাঙ্ক ম্যানেজারকে উদ্ধার করছে ডাকাতদের কবল থেকে—সবই অবশ্য স্বপ্ন!






**By the Sea,** USA, 1915, 20 minutes

Director : **Charles Chaplin**

After fighting with one of the two husbands, Charlie approaches Edna while the two husbands fight over icecream. Driven away by her husband, Charlie turns to the other's wife.

চার্লি সমুদ্রতীরে এডনার সঙ্গে ভাবসাব জমানোর চেষ্টা করে। তার স্বামী চার্লিকে ভাগিয়ে দেয়। চার্লি তখন আর একজনের দিকে মনোযোগ দেয়।







**In the Park,** USA, 1915, 14 minutes

Director : **Charles Chaplin**

The tramp steals a girl's handbag but when he tries to pick Charlie's pocket he loses his cigarettes and matches. When the thief tries to take some of Charlie's sausages, Charlie gets the handbag. The Handbag makes its way from person to person to its owner, who is angry with her boy friend who didn't protect her in the first place. The boyfriend goes to throw hemself in the lake in despair. Charlie helps him.

ট্র্যাম্প একটি মেয়ের হাতব্যাগ চুরি করে। কিন্তু চার্লির পকেট মারতে গিয়ে তার সিগারেট দেশলাই হারিয়ে ফেলে। ঘটনাক্রমে চার্লির হাতে এসে পৌঁছয় হাতব্যাগ। নানা হাত ঘুরে শেষে সেটা পৌঁছয় তার আসল মালিকের কাছে। সে মেয়ে তো তার বয়ফ্রেন্ডের ওপর খাপ্পা, সে কেন প্রথমেই তাকে সাহায্যে করেনি। বেচারা ছেলেটা লোক ডুবে মরবে বলে ঠিক করে, চার্লি তাকে বাঁচায়।



**The Work,** USA, 1916, 15 minutes

Director : **Charles Chaplin**

Charlie and his boss have difficulties just getting to the house they are going to wallpaper. The householder is angry because he can't get breakfast and his wife is screaming at the maid as they arrive. The kitchen gas stove explodes, and Charlie offers to fix it. The stove explodes violently, destroying the house.

চার্লি ও তার বস এক বাড়িতে ওয়ালপেপার লাগাতে যায়। বাড়ির মালিক প্রাতরাশ পায়নি বলে রেগে কাঁই, তার গিন্নি কাজের মেয়ের ওপর চেঁচাচ্ছে। গ্যাস উনুন ফেটে যায় এরমধ্যে। চার্লি বলে সেটা সারিয়ে দেবে। কিন্তু এমন সব কাণ্ড ঘটে যে, ওভেন ফেটে দুর্ঘটনায় বাড়ি টাড়ি ভেঙে চুরমার।







**A Night in the Show,** USA, 1915, 30 minutes

Director : **Charles Chaplin**

Mr. Pest tries several theatre seats before winding up in front in a fight with the conductor. He is thrown out. In the lobby he pushes a fat lady into a fountain and returns to sit down by Edna. Mr. Rowdy, in the gallery, pours beer down on Mr. Pest and Edna. Chaplin here acts in double roles.

চার্লি চ্যাপলিন এই ছবিতে দ্বৈত চরিত্রে অভিনয় করেন। একজন মি. পেস্ট থিয়েটার হলে পছন্দমত সিট খুঁজতে গিয়ে কন্ডাকটরের সঙ্গে মারপিট বাধায়। তাকে বার করে দেওয়া হল। লবিতে সে এক মোটু মহিলাকে ফোয়ারায় ঠেলে ফেলে দেয়। ফের ফিরে গিয়ে বসে পড়ে এডনার পাশে। ওদিকে অন্যজন, মি রাউডি গ্যালারি থেকে এদের ঘাড়ে বিয়ার ঢেলে দেয়। ব্যস, লেগে গেল ধুন্ধুমার কাণ্ড।





**A Woman,** USA, 1915, 26 minutes

Director : **Charles Chaplin**

Charlie leads a father into a lake while the wife and the daughter, both dozing ladies on the bench fall for Charlie and invite him for dinner. The father returns home with a friend. Charlie rushes upstairs and dresses like a woman, shaving off his moustache. Both men fall for Charlie.

এক মহিলা ও তার মেয়ে চার্লিকে ডিনারে নেমন্তন্ন করে। চার্লিকে তাদের ভারি পছন্দ। চার্লি কিন্তু একটু আগেই এই মেয়েরই বাপকে লেকে ফেলে দিয়েছে। চার্লি যখন মেয়েটির বাড়িতে, তার বাবাও এক বন্ধুকে নিয়ে উপস্থিত হয়। উপায়ান্তর না দেখে চার্লি দোতলায় পালিয়ে গিয়ে মেয়েদের মতো বেশ করে গোঁফ কামিয়ে আসে। এবার উলটো বিপত্তি। মেয়ের বাবা আর তার বন্ধু চার্লির প্রেমে পড়ে যায়।




75
Years
Celebration








**Fantasia,** USA, 1940, 125 minutes

Director : **Norman Ferguson, James Algar**

A production of animated interpretations of great works of Western classical music.

পাশ্চাত্য ধ্রুপদি সংগীতের সেরা অবদানগুলিকে ভিত্তি করে অ্যানিমেশনে কল্পনার এক অপূর্ব জগৎ তৈরি করেন ডিজনি।

**Pinocchio,** USA, 1940, 88 minutes

Director : **Ben Sharpsteen**

A production of Walt Disney and yet another classic.

A living puppet, with the help of a cricket as his rationality, must prove himself worthy to become a real boy.

ওয়াল্ট ডিজনির স্টুডিয়োর আর একটি অমর ছবি পিনোকিও। ছোট্ট কাঠের পুতুল পিনোকিও, প্রাণ পেয়ে হয়ে ওঠে ছুতোর বাবার ছোট্ট ছেলে। তারপর কি হল তাই নিয়েই এই ছবি।







50 Years
Celebration

**The Sound of Music,** USA, 1965, 174 minutes

Director : **Robert Wise**

Maria, a lively young apostle at the Abbey, is sent on an assignment to serve the middle-aged Baron Von Trapp as a governess for his seven children. Though, initially, the kids despise Maria, she soon wins them over with her innovative plays and most importantly with her music.

নানেদের কনভেন্টে মন বসে না প্রাণবন্ত মারিয়ার। তাই অ্যাবের মাদার তাকে পাঠান মধ্যবয়সি বিপত্নীক ব্যারণ ভন ট্র্যাপের বাড়ি, তার সাত বিচ্ছু ছেলেমেয়ের গভর্নেস করে। বাচ্চারা প্রথমে মারিয়াকে দুষ্টুমি করে নাজেহাল করলেও শেষপর্যন্ত নতুন নতুন খেলায় আর গানে গানে সে জয় করে নেয় তাদের মন।








25 Years
Celebration

**The Prince and the Pauper,** USA, 1990, 25 minutes

Director : **George Scribner**

This is a Mickey Mouse version of the classic storybook. A poor boy and a prince exchange indentities and lives while the villainous Captain of the Guard plots to take advantage of this.

ক্লাসিক কাহিনি 'The prince and the Pauper'-এর এক অনবদ্য মিকি মাউস সংস্করণ। রাজপুত্তুর এক গরিব ছেলের সঙ্গে পোশাক ও অবস্থান বদলে নেয়। গল্পের ভিলেন রক্ষাবাহিনীর প্রধান অন্যদিকে এই সুযোগে রাজ্য দখলের ফন্দি আঁটে।







**Home Alone 1,** USA, 1990, 103 minutes

Director : **Chris Columbus**

Kevin, an 8-year old boy protects his home from a pair of burglars when he is accidentally left alone at home by his family during Christmas vacation.

আট বছরের কেভিন ক্রিসমাসের ছুটিতে বাড়িতে ছিল একলা। বাবা-মা তাকে সঙ্গে নিতে ভুলে গেছিলেন। এই ফাঁকে বাড়িতে হানা দেয় দুই চোর—নানা বুদ্ধি বার করে তাদের হাত থেকে নিজের বাড়িকে রক্ষা করে কেভিন।



# TOY
## FOR JOY



**Toy Story 1,** USA, 1995, 81 minutes

Director by : **John Lasseter**

Toy Story is about the secret life of toys when people are not around. When Buzz Light-year, a space-ranger, takes Woody's place as Andy's favourite toy, Woody doesn't like the situation and gets into a fight with Buzz. Accidentally Buzz fails out the window and Woody is accused by all the other toys of having killed him. He has to go out of the house to look for him so that they can both return to Andy's room.

অ্যান্ডি যখন বাড়ি থাকে না, তখন তার পুতুলেরা বেঁচে ওঠে। অ্যান্ডির প্রিয় পুতুল ছিল উডি, কিন্তু এখন বাজ্ তার জায়গা দখল করে বসেছে। উডি হিংসেয় মরে—কি করে বাজ্‌কে বিদেয় করা যায়। মারপিট লাগিয়ে দেয় সে বাজের সঙ্গে। বাজ্ পড়ে যায় জানালা গলে। সব পুতুলরা বলে সেই বাজ্‌কে মেরে ফেলেছে। অগত্যা উডি বাজ্‌কে খুঁজতে বেরোয়, যাতে দুজনেই নিরাপদে বাইরের নানা গোলমাল সামলিয়ে অ্যান্ডির ঘরে ফিরতে পারে।







**Toy Story 2,** USA, 1999, 92 minutes

Director by : **John Lasseter**

Whilst Andy is at summer camp, Woody is accidentally placed in a yard sale. Al, a greedy toy collector spots him and sneaks away from the yard with the toy. Woody is meeting up with new toys, but Buzz Lightyear and the rest of the toys enter the real world outside the house to find him.

অ্যান্ডি যখন সামার ক্যাম্পে, উডিকে ভুল করে বিক্রি করে দেওয়া হয় খেলনা সংগ্রহকারী অ্যালের কাছে। উডি সেখানে গিয়ে নতুন নতুন খেলনা বন্ধু পাতায়। কিন্তু বাজ্ ও তার বন্ধুরা উদ্বিগ্ন হয়ে বেরিয়ে পড়ে উডির খোঁজে।




**Toy Story 3,** USA, 2010, 103 minutes

Director by : **Lee Unkrich**

The toys are mistakenly delivered to a day-care center instead of the attic right before Andy leaves for college, and it's up to Woody to convince the other toys that they weren't abandoned and make them return home.

অ্যান্ডি যখন কলেজ চলে যায়; তখন ভুল করে তার খেলনাদের চিলেকোঠার ভাঁড়ারে যত্ন করে না রেখে পাঠিয়ে দেওয়া হয় এক ডে-কেয়ার সেন্টারে। মর্মাহত খেলনাদের বুঝিয়ে সুঝিয়ে বাড়ি ফেরত আনে উডি।

**Toy Story 1,** USA, 1995, 81 minutes

Director by : **John Lasseter**

Toy Story is about the secret life of toys when people are not around. When Buzz Light-year, a space-ranger, takes Woody's place as Andy's favourite toy, Woody doesn't like the situation and gets into a fight with Buzz. Accidentally Buzz fails out the window and Woody is accused by all the other toys of having killed him. He has to go out of the house to look for him so that they can both return to Andy's room.

অ্যান্ডি যখন বাড়ি থাকে না, তখন তার পুতুলেরা বেঁচে ওঠে। অ্যান্ডির প্রিয় পুতুল ছিল উডি, কিন্তু এখন বাজ্ তার জায়গা দখল করে বসেছে। উডি হিংসেয় মরে—কি করে বাজ্‌কে বিদেয় করা যায়। মারপিট লাগিয়ে দেয় সে বাজের সঙ্গে। বাজ্ পড়ে যায় জানালা গলে। সব পুতুলরা বলে সেই বাজ্‌কে মেরে ফেলেছে। অগত্যা উডি বাজ্‌কে খুঁজতে বেরোয়, যাতে দুজনেই নিরাপদে বাইরের নানা গোলমাল সামলিয়ে অ্যান্ডির ঘরে ফিরতে পারে।







**Toy Story 2,** USA, 1999, 92 minutes

Director by : **John Lasseter**

Whilst Andy is at summer camp, Woody is accidentally placed in a yard sale. Al, a greedy toy collector spots him and sneaks away from the yard with the toy. Woody is meeting up with new toys, but Buzz Lightyear and the rest of the toys enter the real world outside the house to find him.

অ্যান্ডি যখন সামার ক্যাম্পে, উডিকে ভুল করে বিক্রি করে দেওয়া হয় খেলনা সংগ্রহকারী অ্যালের কাছে। উডি সেখানে গিয়ে নতুন নতুন খেলনা বন্ধু পাতায়। কিন্তু বাজ্ ও তার বন্ধুরা উদ্বিগ্ন হয়ে বেরিয়ে পড়ে উডির খোঁজে।




**Toy Story 3,** USA, 2010, 103 minutes

Director by : **Lee Unkrich**

The toys are mistakenly delivered to a day-care center instead of the attic right before Andy leaves for college, and it's up to Woody to convince the other toys that they weren't abandoned and make them return home.

অ্যান্ডি যখন কলেজ চলে যায়; তখন ভুল করে তার খেলনাদের চিলেকোঠার ভাঁড়ারে যত্ন করে না রেখে পাঠিয়ে দেওয়া হয় এক ডে-কেয়ার সেন্টারে। মর্মাহত খেলনাদের বুঝিয়ে সুঝিয়ে বাড়ি ফেরত আনে উডি।


NATIONAL
BEST
PRODUCTION
DIRECTOR
TAKE



**Malli,** Tamil, 1998, 90 minutes

Director : **Santosh Sivan**

Malli, a poor tribal girl in Kerela, loves yarns spun by the village storyteller Monu. Being a child, she believes her tale about the magical blue bead which grants wishes. Malli wants it to cure her friend who cannot speak Once while helping an injured fawn in the forest, she finds the bead. Malli rushes to give it to her friend, who is going away. Would she reach on time?

কেরালার গরিব আদিবাসী পরিবারের মেয়ে মল্লি গ্রামের গল্প-বলিয়ে মনুর গল্পের ভক্ত। মল্লির প্রিয় বন্ধু কথা বলতে পারে না। মনু বলে, এমন একটা নীল পাথরের পুঁতি আছে যা নাকি সব ইচ্ছেপূরণ করে। মল্লি ভাবে, আহা, এই পুঁতিটা যদি সে তার বন্ধুকে এনে দিতে পারে, তবেই সে কথা বলার ক্ষমতা ফিরে পায়। একদিন বনে এক আহত হরিণছানার শুশ্রূষা করতে গিয়ে সে এই পুঁতিটা খুঁজে পেল। সে ছুটল বন্ধুকে সেটা দেবে বলে। এদিকে বন্ধু সেদিন গ্রাম ছেড়ে চলে যাচ্ছে। সময়মতো পৌঁছোতে পারবে কি মল্লি? এক সত্যি ঘটনা অবলম্বন করে প্রখ্যাত চলচ্চিত্রকার সন্তোষ শিভন এই চলচ্চিত্রটি তৈরি করেছেন।

**Nandan,** Oria, 1998, 82 minutes

Director : **A. K. Bir**

Nandan is a spirited, energetic 12 year old boy whose mischief constantly lands him in trouble with his parents. One day after seeing a toy car in a shop, he desperately wants it. He steals money from his father and goes to buy the toy. But while waiting for its delivery, he witnesses the manipulative, aggressive, deceptive and exploitative nature of the trading community. Events spiral out of hand and lands Nandan in a police station. Though sad and dejected by the turn of events, Nandan is enriched with a rare understanding, courage and conviction by this experience.

১২ বছরের নন্দনের দুষ্টুমিতে তার বাবা-মা ঝালাপালা। একদিন দোকানে একটা খেলনা গাড়ি দেখে তার মন নেচে উঠল, ওটা তার চাই-ই। সে বাবার টাকা চুরি করে খেলনাটা কিনতে যায়। দোকানে দাঁড়িয়ে দাঁড়িয়ে সে দেখে ব্যবসায়ীদের নানা ঠকবাজি। ঘটনার ঘাত-প্রতিঘাতে শেষে সে পুলিসের হাতে ধরা পড়ে। নন্দনের মন ভেঙে যায়, কিন্তু এই অভিজ্ঞতার মধ্যে দিয়ে সে তেমনি সাহসী হতে শেখে, বিচার-বিবেচনা করতে শেখে।



**Gharaksharangal,** Malayalam, 2000, 75 minutes

Director : **Salim Padiyath**



Monayi studies in an expensive English medium school. After his father's death in an accident he is forced to join a regional language school due to lack of funds. Though he hates it at first, a dedicated and kind teacher turns him around. After this teacher loses his job, a dejected Monayi leaves school and joins a farm and learns to work to earn a living. When the insurance money from his dad's accident finally arrives, Monayi's mother wants to send him back to the English school. Does Monayi, now changed, agree?

নামীদামি ইংরেজি মাধ্যম ইশকুলে পড়ত মনায়ি। কিন্তু হঠাৎ দুর্ঘটনায় বাবার মৃত্যু হলে সে ভর্তি হয় সাধারণ পাড়ার ইশকুলে। প্রথম প্রথম তার স্কুলটা অসহ্য মনে হলেও, পরে একজন ভালোমানুষ শিক্ষকের প্রেরণায় তার মনটা বদলে গেল। এই শিক্ষকের যখন চাকরি চলে গেল, তখন মনায়ি মনের দুঃখে ইশকুল ছেড়ে খামারবাড়িতে কাজ নিল, নিজের জীবিকা সে নিজেই উপার্জন করে। অবশেষে বাবার বিমার টাকা যখন এসে পৌঁছোয় তখন মা তাকে আবার পুরোনো ইংরেজি ইশকুলে ফেরত পাঠাতে চান। কিন্তু মনায়ি কি ফেরত যেতে চায়?



# WORLD CINEMA





## Omi O Ice-cream Wala, Bangladesh, 2015, 91 minutes

Director : **Suman Dhar**

Omi appears as a first-year college student. Once, his journey is interrupted due to the sudden disturbance of his car while travelling to Mymensingh. Leaving his car to the driver, he plans to visit his uncle's house, a place beside the highway. His uncle lives in a zamindar's house. As he enters into the house, the invisible spirit of zamindar starts roaming around Omi. A story of freedom struggle of Bangladesh in revealed where people inserpective of their religion took part.

অমি কলেজের প্রথমবর্ষের ছাত্র। একদিন ময়মনসিং যাওয়ার পথে গাড়ি খারাপ হওয়ায় সে ঠিক করে হাঁটাপথে চলে যাবে মামার বাড়ি। মামা থাকেন এক পুরোনো জমিদারি প্রসাদে। এই আলোছায়া-ঘেরা প্রাসাদে অন্য সবার কাছে অদৃশ্য বিদেহী জমিদারের আত্মা অমিকে দেখা দেয়। বাংলাদেশের মুক্তিযুদ্ধ, যা ধর্মনির্বিশেষে সমস্ত বাঙালির সংগ্রাম, তার এক হারিয়ে যাওয়া কাহিনি উদ্ঘাটিত হয়।



## Aakash Kato Dure (The Distant Sky), Bangladesh, 2014, 111 minutes

Director : **Samia Zaman**

Bicchu, an orphan, lives in an orphanage after his mother's death during his birth. Beaten up by the authority he leaves for an uncertain place ultimately coming to Dhaka. Here he meets two other orphans who steal for a living. Finally, he finds his grandparents after on adventure. The story is an adaptation from Oliver Twist.

জন্মের সময় মায়ের মৃত্যুর পর বিচ্ছু বড়ো হয়ে ওঠে একটি অনাথ আশ্রমে। সেখানকার হর্তাকর্তাদের মারধোর খেয়ে একদিন সেখান থেকে পালিয়ে বিচ্ছু হাজির হয় ঢাকায়। বিচ্ছুর সঙ্গে দেখা হয় আরও দুই শিশুর, যারা চুরি করেই পেট চালায়। নানা অ্যাডভেঞ্চারের পর বিচ্ছু খুঁজে পায় তার দাদু-ঠাকুমাকে। ছবির কাহিনি চার্লস ডিফেন্সের অলিভার ট্যুইস্ট অনুপ্রাণিত।



**On My Way,** China, 2012, 95 minutes

Director : **Gary Mak, Li Yuan**

Pesky, 10 year old Li Xiaotian gets terrible marks at school but has a hidden talent for athletics, much to the exasperation of his single father, Li Feixiong, who scrapes a living selling *shaguo* (earthenware pot casseroles) which Xiaotian secretly delivers with his running skills. Xiaotian dreams of beating his school's 400 metre champion, rich kid Ma Xiao and is encouraged by both his adult backstreets friend Big Eyes and his teacher, Miss Cai. He also dreams of having a proper mother as his mother abandoned the family when he was born.

দশ বছরের পেস্কির মা পেস্কির জন্মের পরেই তাদের ছেড়ে চলে যায়। পেস্কি বাবার কাছে মানুষ হয়। পড়াশোনায় সে ভালো নয়, কিন্তু অ্যাথলেটিকসে দারুণ। তার পণ সে চারশো মিটার দৌড়ে স্কুল চ্যাম্পিয়ন মা শিয়াওকে হারাবে। স্কুলের গেমস টিচার আর পাড়ার বন্ধু বিগ আইস তাকে উৎসাহ দেয়। বাবা কিন্তু তার ঘোর বিরোধী। একইসঙ্গে তার স্বপ্ন তার একজন ভালো মা থাকবে। শেষপর্যন্ত স্বপ্ন কি সত্যি হল?



**Gaariwala,** Bangladesh, 2013, 76 minutes

Director : **Ashraf Shishir**

This is the story of the indomitable dream of two young brothers and their incredible journey in life and their hand driven cart that has never been defeated. The story of human spirit, sufferings and simple joy.

এই গল্প ছোট্ট দুটি ভাইয়ের। তারা নিজেরা বানিয়েছে এক ছোট্ট ঠেলাগাড়ি যা সবসময় রেসে জেতে। এই তাদের সরল আনন্দের উৎস। দারিদ্র ও প্রতিকূলতার সঙ্গে লড়াই করে তারা দায়িত্ববোধ ও মানবিকতার পরিচয় দেয়।








**My Avatar Horse,** China, 2012, 95 minutes

Director : **Hu Keming and Liu Shen**

A Mongolian boy named Husile and his white horse Chagan are inseparable. In the prairie where they live, there is a legend about a shrine, protected by the avatar horse. One day, Husile meets three wise men who come from afar in search of the avatar horse. They are convinced that Chagan is the one they are looking for, and they make the promise that a year later they will return to perform a reincarnation ceremony.

Husile's father dismisses the story as just a child's tale, and decides to move his family to the city and sell Chagan. In order to keep him, Husile and his friends must launch and ingenious and adventurous rescue operation.

মোঙ্গলিয়ার এক ছোট্ট ছেলে হুসাইল আর তার পোষা সাদা ঘোড়া চাগান হরিহর আত্মা। যেখানে তাদের বাস, সেখানে মুখে মুখে ফেরে এক অশ্বাবতারের গল্প। একদিন হুসাইলের আলাপ হয় তিন জ্ঞানী বৃদ্ধের সঙ্গে, যারা খুঁজছে সেই অশ্বাবতারকেই। তারা নিশ্চিত চাগানই এই ঘোড়া—তারা কথা দেয় এক বছরের পরে এসে তারা চাগানের অভিষেক করবে।

হুসাইলের বাবা সমস্তটাকেই গাঁজাখুরি বলে উড়িয়ে দেন, ঠিক করেন পরিবারসুদ্ধ শহরে চলে আসবেন, আর তখন বেচে দেবেন চাগানকে। চাগানকে নিজেদের কাছেই রাখবার জন্য হুসাইল আর তার বন্ধুরা মিলে শুরু করে এক দুর্ধর্ষ অভিযান।





**My Running Shadow,** China, 2013, 92 minutes

Director : **Fang Gangliang**

A Worthy and impressive film about bringing up a child with Asperger's Syndrome. As Xiuxhi lines up to depart from home in Guangzhou for the first time in all his 17 years with his father, he remembers how his mother has brought him up single-handedly since he was 11 months old. Left behind when her husband moved to America, TianGuifang soon discovers her son needs more care than other children when he is diagnosed as having Asperger's Syndrome.

অ্যাসপারজারস সিনড্রোমে আক্রান্ত একটি শিশুর বড়ো হয়ে ওঠার কাহিনি নিয়ে এই সিনেমা। শিওঝি, ১৭ বছর বয়সে বাবার সঙ্গে বাড়ি ছেড়ে রওনা হয় প্রথমবার। তার মনে পড়ে মা কিভাবে একা হাতে তাকে মানুষ করেছেন ছোটো থেকে—যখন বাবা আমেরিকা চলে যাবার পর তিনি জানলেন যে ছেলের অ্যাসপারজারস সিনড্রোম রয়েছে—অন্য শিশুদের চেয়ে আরও অনেক বেশি এবং বিশেষ যত্ন নিতে হবে তার জন্য।





**Teenager King of Chess,** China, 2014, 89 minutes

Director : **Li Kelong**

This is the story of a little boy who is passionate about playing Chinese Chess. The film narrates how he finds his way to overcome all barriers to become the King of chess.

একটি ছোট্ট ছেলে, চীনে দাবা খেলাই তার একমাত্র ধ্যান জ্ঞান। সমস্ত বাধা বিঘ্ন পেরিয়ে কেমন করে সে হয়ে উঠল সেরা দাবাড়ু, দাবাড়ুদের রাজা, তারই গল্প বলে এই সিনেমা।





**Winter Tochter,** Germany, 2011, 93 Minutes

Director : **Johannes Schmid**

Kattaka Weise lives in Berlin with her mother, who is expecting another baby, and her father. She is friendly with Kevin 'Knacke' who lives next door. Nearby lives a sad but kind older woman, Lene, who sometimes looks after her. It is almost Christmas when Kattaka answers a mysterious phone call from a man who she very soon after discovers is her 'real father'. She is very angry with her parents for not telling her about her father and she sets off with Lene and Knacke on a trip along the Polish coast to find her 'real' father. On the way it becomes a search as well for Lene's past. Kattaka learns not only about her own origins but about the tangled history of Germans, Poles and Russians.

কাটাকা তার বাবা-মায়ের সঙ্গে থাকে বার্লিনে। তার প্রিয় বন্ধু পাশের ফ্ল্যাটের প্রতিবেশীদের ছেলে কেভিন। আছেন প্রতিবেশী লেনিও। প্রৌঢ়া এই মহিলা মাঝে মাঝে তার দেখাশোনা করেন। আসন্ন ক্রিসমাস; এমন এক সময় হঠাৎই একটা অজ্ঞাত নম্বর থেকে কোন পেয়ে কাটাকা আবিষ্কার করে তার আসল বাবা একজন রাশিয়ান নাবিক। এতদিন তাকে অন্ধকারে রাখায় কাটাকা বাবা-মার ওপর খুব রেগে যায়; সে লেনি ও কেভিনের সঙ্গে পোলিশ কোস্টে পাড়ি দেয় আসল বাবার খোঁজে। একইসঙ্গে সে জানতে পারে তার অতীত, আর জার্মানি, পোল্যান্ড ও রাশিয়ার সীমান্তবর্তী মানুষদের ইতিহাস।



**Mondscheinkinder,** Germany, 2006, 87 minutes

(Children of the Moon)

Director : **Manuela Stacke**

Paul wants to become an astronaut. It is his favourite game. Paul's older sister, Lisa is playing his assistant in the spaceship. Lisa meets Simon and he also joins in but when Pauls' physical conditions becomes bad, the game needs to favour Paul.



পুঁচকে পল চায় বড়ো হয়ে মহাকাশচারী হতে। অ্যাস্ট্রোনট সেজে খেলা তার সবচেয়ে প্রিয়। এই খেলায় তার মহাকাশযানের সহকারী দিদি লিজা, সঙ্গী হিসেবে আছে দিদির বন্ধু সাইমনও। কিন্তু পলের শরীর যত খারাপ হতে থাকে, তত এই খেলায় পলকে জিতিয়ে দিতে হয় বাকিদের।






**Sputnik,** Germany, 2013, 80 Minutes

Director : **Markus Dietrich**

For ten-year-old Frederike October 1989 gets off to a disastrous start: her beloved uncle Mike is expelled from the GDR and has to leave the country within 48 hours. Inspired by her big idol Captain Kirk, Frederike and her friends Jonathan and Fabian construct a teleporting machine to 'beam' herself to West Berlin to visit her uncle Mike. But the experiment dramatically fails. Instead of successfully beaming the three kids across, the entire village population disappears! The are all 'beamed' to bring down the Berlin wall! It was November 9, 1989.

দশবছরের ছোট্ট মেয়ে ফ্রেডরিকির জন্য ১৯৮৯-এর অক্টোবরটা শুরু হল বিচ্ছিরিভাবে। তার প্রিয় মামা মাইককে নির্বাসিত করল জার্মান ডেমোক্রাটিক রিপাবলিক। অগত্যা সে ঠিক করল বন্ধুদের নিয়ে একটা টেলিপোর্টিং মেশিন বানাবে যা তাকে 'বিম' করে অদৃশ্য উপায়ে নিয়ে যাবে পশ্চিম বার্লিনে মামার কাছে। প্রচুর প্রচেষ্টা সত্ত্বেও শেষে তাদের এক্সপেরিমেন্টটা ঘেঁটে গেল। কি আশ্চর্য! ওদের তিন বন্ধুকে 'বিম' করার বদলে যন্ত্রটা গোটা গ্রামসুদ্ধ মানুষকে 'বিম' করে নিয়ে গেল বার্লিন সীমান্তে, বার্লিন প্রাচীর ভেঙে চুরমার করতে। দিনটা ছিল ১৯৮৯ সালের ৯ই নভেম্বর।







**My Friend Raffi,** Germany, 93 minutes

Director : **Arend Agthe**

This is the story of a Hamster who is callously kidnapped, and his inseparable friend Sammy who goes on an adventurous journey to find him.

হ্যামস্টার রাফিকে অপহরণ করা হলে, তার প্রাণের বন্ধু স্যামি এক দারুণ অভিযানে বেরিয়ে পড়ে, বন্ধুকে ফিরিয়ে আনতে।



**Hotchpotch,** Iran, 2011, 91 minutes

Director : **Ebrahim Forouzesh**

The film is based on a story of the same name by the celebrated Iranian author Hushang Moradi Kermani. The film is the story of a mother who dies giving birth to a baby. Responsible for taking care of the newborn child single-handedly, the father faces many problems as the baby does not want to be bottle-fed.

বিখ্যাত ইরানী লেখক হুশাং মোরাদী কার্মানী'র গল্প অবলম্বনে তৈরি এই ছবি গল্প বলে এক বেচারা বাবার—মা মারা যাবার পর সদ্যোজাত খুদেটির ভার একহাতে সামলাতে হয় তাকে। ওদিকে খুদে বোতল থেকে খেতে নারাজ!



**The Play Fellow,** Iran, 2014, 92 Minutes

Director : **Gholamreza Ramezani**

Amin, a six-year old boy upset of being alone, keeps asking his parents to bring him a brother or sister, but they refuse his request and ask him for another wish. While watching a family video taken in the village, he cherishes his next wish. His firmness makes his father to bring a colt to their apartment on the fifth floor.

ছ-বছরের আমিন বড়োই একলা আর একটা খেলুড়ি তো চাই! বাবা-মার কাছে একটা ভাই বা বোনের জন্য লাগাতার আবদার জানিয়ে চলে সে, কিন্তু তারা শুনলে তো। শেষপর্যন্ত গ্রামের বাড়ির একটা ভিডিয়ো দেখে সে অন্য একটা পথ বার করে। তার জিদবাজিতে অতিষ্ঠ বাবা শেষকালে পাঁচ তলার ফ্ল্যাটে পুষ্যি হিসেবে নিয়ে আসেন ছোট সাদা গাধার বাচ্চা।



**Lesson,** Azerbaijan, 2015, 82 Minutes

Director : **Chingiz Hassanov**






**The Pearl,** Iran, 2012, 83 Minutes

Director : **Sirous Hassanpour**

Karim is a pearl hunter in one of the southern towns in Iran, but he can't go on due to his heart disease. Following his doctor's advice, he goes to a big city and finds out that there is no way but surgery. His son, twelve-year-old Maher insists on going to the sea for pearl hunting despite his granddad's disapproval. Worried for the dad and confronted with money problems, Maher and his little sister, Mahrokh, should grow up sooner than expected...

ইরানের দক্ষিণে এক শহরতলির বাসিন্দা করিম পেশায় মুক্তোসন্ধানী ডুবুরি। কিন্তু হৃদ্‌রোগের কারণে সে আর সমুদ্রে যেতে পারে না। ডাক্তারের পরামর্শে বড়ো শহরে এসে সে শোনে অপারেশনই তার একমাত্র চিকিৎসার উপায়। তার ছেলে মেহের, বাবার চিকিৎসার জন্য টাকা জোগাড় করবে বলে ঠিক করে সেই সমুদ্রে যাবে মুক্তোর সন্ধানে। তার ঠাকুর্দার এতে মত নেই, কিন্তু সংসারও তো চালানো চাই। আর এই সাংসারিক চাপে পড়ে মেহের আর তার ছোট বোন মেহরুখ যেন বড্ড তাড়াতাড়িই বড়ো হয়ে ওঠে।



**Cinema Dream,** Iran, 2011, 85 minutes

Director : **Hamid Shah Hatami, Ali Shah Hatami**

The film crew is searching for a teen actor to perform the main character in an Iranian-Canadian co-production. After the auditions, director is hesitant in choosing one of the two youngsters, Kazem and Farhad. As just one of them may remain with the team, they begen a challenge to grab the role...

সিনেমাওয়ালারা খুঁজছে এক কিশোর অভিনেতা, তাদের কানাডা-ইরান দুই দেশের যৌথ প্রযোজিত নতুন ছবির মুখ্যচরিত্রের জন্য।

অডিশনপর্বের পর, দুই কিশোর অভিনেতাকে নিয়ে পরিচালক পড়ে গেলেন মস্ত দোটানায়। যেহেতু কেবল একজনই সুযোগ পাবে সিনেমাওয়ালাদের দলে, এই দুই কিশোর নিজেদের মধ্যে শুরু করে এক নতুন প্রতিযোগিতা, কাঙ্ক্ষিত সুযোগটা পাবার লোভে।

**Nokhodi (Little Pea),** Iran, 2010, 74 minutes

Director : **Jalal Fatemi**

Nokhodi is a very little boy just as little as a pea. But he wants to be an ordinary boy like others. He likes to help his mom; take food for his dad or even fight with the king's guards to claim for his father's rights. What will Nokhodi do? Does he stay at home or he goes after his dreams?

নোখোদি বড়োই ছোট্ট, মটরশুঁটির মতন ছোট্ট। কিন্তু সে-ও বাকিদের মতনই হতে চায়। মাকে সাহায্য করতে সে ভালোবাসে ঘরের কাজে, বা বাবার জন্য খাবার নিয়ে যেতে, এমনকি রাজার সিপাইদের সঙ্গে লড়াইও করতে চায় সে বাবার অধিকারের জন্য। কি করবে নোখোদি? ছোট্ট হয়েই বাড়িতে বসে থাকবে, নাকি ছুটবে নিজের স্বপ্নের পিছুপিছু?



**The Little Sparrow,** Iran, 2013, 91 minutes

Director : **Masoud Karamati, Gholamreza Ramazani, Vahid Nikkhah Azad**

It's a film consisting of three different stories. The first story is of a girl named Nafas, who was given birth by Nasibeh and brought up by Sepideh.

The second story is of Narges, a 15 year old girl who is stuck between her dreams and her father's wish.

The third story is of Jalil, who is searching for his mother.

এই সিনেমায় রয়েছে তিনটি ছোট কাহিনি। প্রথম কাহিনিতে আমরা পাই নাফাস নামে একটি ছোট মেয়েকে। যাঁকে সে মা বলে জানে তিনি ওর আসল মা নন, কিন্তু দুই মায়েরই প্রধান উদ্দেশ্য তাকে সব বিপদ থেকে আগলে রাখা।

দ্বিতীয় গল্পটি নার্গিস নামের একটি মেয়ের। নিজের স্বপ্ন এবং তার বাবার ইচ্ছের মধ্যে টানাপোড়েনে আটকে গেছে সে।

তৃতীয় গল্পের প্রধান চরিত্র জলিল হন্যে হয়ে মাকে খুঁজে বেড়াচ্ছে।





**Do You See Seoul,** Korea, 2008, 85 minutes

Director : **Song Dong Yoon**

The teacher wants to take her students on a field trip to a cookie factory in Seoul. Even though the parents don't like the idea, she succeeds in taking them. But once they arrive in the complicated city, students become fascinated with 'hightech' bicycles and get lost.

স্কুল-শিক্ষিকা ঠিক করেন বাচ্চাদের নিয়ে যাবেন রাজধানী সিওলে কুকি তৈরির কারখানা দেখতে। বাবা-মায়েরা প্রথমে রাজি না হলেও শেষপর্যন্ত বেড়াতে যাওয়া হল। কিন্তু বাচ্চারা মস্ত শহরে এসে ঝাঁ-চকচকে নতুন মডেলের বাইসাইকেল দেখে এমনই মুগ্ধ হল যে তারা হারিয়েই গেল।





## Ice Bar, Korea, 2006, 107 minutes




Director : **Yeo In Gwang**

Ten-year old Young-Rae lives alone with his mother in the countryside. Life is difficult for them. When he hears that the father he had only dreamed of is alive and living in Seoul, he makes it his mission to find him. The only way to get there, however, is a long and expensive train ride. To raise money. Young Rae starts to sell ice cream bars. Will his dream come true?

ছোটো ছেলে ইয়ং রে গ্রামে থাকে মায়ের সঙ্গে। জীবন তাদের বড়োই কঠিন। যখন সে শোনে যে তার বাবা বেঁচে আছে আর সে থাকে সিওল শহরে, ইয়ং ঠিক করল সে সিওল যাবে বাবাকে খুঁজতে। কিন্তু তার জন্য তো ট্রেন ভাড়া চাই। তাই ইয়ং আইসক্রিম বেচে টাকা জোগাড় করার প্ল্যান করে।




## My Beautiful Girl, Mary, Korea, 2002, 78 minutes

Director : **Lee Sung Gang**

Two boys find a beautiful world of magic and wonder when they find a magic marble in an old lighthouse. There they meet Mary and can escape from the growing hardships of their home lives.

দুই বন্ধু এক পুরোনো লাইট হাউসে একটা জাদু মার্বেল খুঁজে পায়। এখানে তাদের সঙ্গে দেখা হয় মেরির, বাস্তবজীবনের নানা ঝামেলা পেছনে ফেলে তারা খুঁজে পায় এক জাদু-দুনিয়া।





## For Horowitz, Korea, 2006, 114 minutes

Director : **Kwon Hyeong Jin**

Kim Ji-soo once dreamed about becoming a world-class pianist, but ends up opening a small neighbourhood piano school for children in the outskirts of Seoul. She then meets Yoon Gyung-min, a 7-year-old orphaned boy who is a troublemaker. When Ji-soo discovers that Gyung-min has untapped musical genius, she becomes determined to turn him into a renowned pianist like Vladimir Horowitz.

